NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী






৩ শর্ট সার্কিট থেকে অগ্নিকাণ্ড চেতলা অগ্রণীতে, বন্ধ পুজোমণ্ডপ

শোভন-বৈশাখীর অভিষেকের সঙ্গে বৈঠক, তৃণমূলে ফেরার জল্পনা তুঙ্গে ৩

কলকাতা ২৬ সেপ্টেম্বর ২০২৫ ১০ আশ্বিন ১৪৩২ শুক্রবার উনবিংশ বর্ষ ১০৮ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 26.09.2025, Vol.19, Issue No. 108, 8 Pages, Price 3.00



# ‘অগ্নি প্রাইম’ ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা

**চাঁদিপুর, ২৫ সেপ্টেম্বর:** ভারতের প্রতিরক্ষা ব্যবস্থাকে আরও মজবুত করতে তৈরি করা হল ‘অগ্নি প্রাইম’ ক্ষেপণাস্ত্র। সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি এই ক্ষেপণাস্ত্রের সফল উৎক্ষেপণ হল বৃহস্পতিবার। ওড়িশার চাঁদিপুর থেকে এই ক্ষেপণাস্ত্রের উৎক্ষেপণ-পরীক্ষা হয়। ডিআরডিও জানিয়েছে, ক্ষেপণাস্ত্রের পরীক্ষা সফল হয়েছে। কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এই সমরাস্ত্রের পরীক্ষার প্রশংসা করে জানিয়েছেন, দেশের প্রতিরক্ষা ব্যবস্থাকে মজবুত করার আরও একটি প্রক্রিয়া সফল হল। তার জন্য গোটা দেশ গর্বিত। ডিআরডিও এবং স্ট্র্যাটেজিক ফোর্স কমান্ড-কে ধন্যবাদও জানিয়েছেন প্রতিরক্ষামন্ত্রী।

‘অগ্নি প্রাইম’ মূলত ‘নেক্সট জেনারেশন’ ক্ষেপণাস্ত্র। এই ক্ষেপণাস্ত্রকে চলমান লঞ্চিং ব্যবস্থার মাধ্যমে উৎক্ষেপণ করা হয়। আর সেই পরীক্ষা সফলও হয়েছে। এই ক্ষেপণাস্ত্রটিকে ট্রেন থেকে উৎক্ষেপণ করা হয়েছে। যেটিকে সামরিক পরিভাষায় ‘রেল-বেসড মোবাইল লঞ্চার সিস্টেম’ বলা হয়। এই প্রথম কোনও ট্রেনের সঙ্গে ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ ব্যবস্থাকে জুড়ে দেওয়া হল। ফলে রেললাইন দিয়ে যে কোনও জায়গায় এই লঞ্চিং ব্যবস্থাকে নিয়ে যাওয়া যাবে। ফলে দেশের যে সব জায়গায় রেল যোগাযোগ ব্যবস্থা রয়েছে, সেই সব জায়গা থেকে অনায়াসে শত্রুপক্ষকে নিশানা বানাতে পারবে এই ক্ষেপণাস্ত্র। ‘নেক্সট জেন’ এই ক্ষেপণাস্ত্রটি ২০০০ কিলোমিটার দূরের লক্ষ্যবস্তুকে নিমেষে ধ্বংস করতে পারে। শুধু তা-ই নয়, শত্রুপক্ষের প্রতিরক্ষা ব্যবস্থাকে সহজে বোকা বানিয়ে নিশানা বানাতে পারে।

# রাজস্থানে উন্নয়নের পসরা মোদীর

**জয়পুর, ২৫ সেপ্টেম্বর: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বৃহস্পতিবার রাজস্থানের বাঁসওয়াড়ায় কেন্দ্র ও রাজ্য সরকারের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই প্রকল্পগুলোর জন্য মোট ১,২২,১০০ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে।**

**সবচেয়ে বড় প্রকল্প হিসেবে প্রধানমন্ত্রী ভিত্তিপ্রস্তর স্থাপন করেন অণুশক্তি বিদ্যুৎ নিগম**



**লিমিটেডের ‘মাহি বাঁসওয়াড়া অ্যাটমিক পাওয়ার প্রজেক্ট’-এর, যার আর্থিক মূল্য প্রায় ৪২,০০০ কোটি টাকা। এটি দেশের অন্যতম বৃহৎ পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র হতে চলেছে। প্রকল্পটিতে থাকবে চারটি দেশীয় প্রযুক্তিতে তৈরি ৭০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন প্রেসারাইজড হেভি ওয়াটার রিঅ্যাক্টর, যা এনপিসিআইএল কর্তৃক নকশা ও উন্নত করা হয়েছে। সরকারের ‘ফ্লিট মোড’ উদ্যোগের অন্তর্গত এই প্রকল্পে একরকম নকশা ও ক্রয় পরিকল্পনায় দশটি রিঅ্যাক্টর নির্মিত হচ্ছে। ফলে খরচ কমবে, দ্রুত কাজ সম্পন্ন হবে এবং দক্ষতা বৃদ্ধি পাবে।**

**এছাড়া প্রায় ১৯,২১০ কোটি টাকার সবুজ জ্বালানি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন প্রধানমন্ত্রী। এর মধ্যে রয়েছে ফালোদি, জয়সলমের, জলোর, সিকার-সহ বিভিন্ন জেলায় সৌরবিদ্যুৎ প্রকল্পের উদ্বোধন এবং বিকানেরে নতুন সৌরবিদ্যুৎ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন। এসব প্রকল্প ভারতের নবীকরণযোগ্য জ্বালানি ক্ষমতাকে শক্তিশালী করবে এবং বিপুল পরিমাণে কার্বন-ডাই-অক্সাইড নিঃসরণ রোধ করবে। এর আগে বাঁসওয়াড়ায় প্রধানমন্ত্রী মোদী ও রাজস্থানের মুখ্যমন্ত্রী ভজনলাল শর্মা পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তীতে ফুল অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।**

# বিদ্যুৎস্পৃষ্টের রিপোর্ট তলব ডিভিশন বেঞ্চে

**নিজস্ব প্রতিবেদন:** বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ৯ জনের মৃত্যু। তাতে স্বতঃপ্রণোদিত মামলায় রিপোর্ট তলব ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির। বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি অপূর্ব সিন্‌হা রায়ের ডিভিশন বেঞ্চ রিপোর্ট চাইল রাজ্য, পুরসভা ও সিইএসসি-এর কাছে। ক্ষতিপূরণ ও ক্যানেল সংস্কারে, তা জানাবে রাজ্য। পাশাপাশি কী পদক্ষেপ করা হয়েছে, তা জানাতে হবে পুরসভা ও সিইএসসি-কেও। ৭ নভেম্বর রিপোর্ট জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। ওই দিনই মামলার শুনানি।

মঙ্গলবার যে পরিস্থিতি তৈরি হয়েছিল শহর কলকাতায়, শেষ কবে এরকম দুর্যোগ দেখেছে শহরবাসী তা স্মৃতি হাতড়ে মনে করা যাবে না। ভয়ঙ্কর পরিস্থিতি তৈরি হয়েছিল শহর-শহরতলিতে। গোটা শহর যেন জলের তলায়। আর সেই জমা জলে ছিঁড়ে পড়ে বিদ্যুতের তার। আর তাতেই নেতাজিনগরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সাইকেল আরোহীর মৃত্যুর ঘটনা ঘটে। রাস্তার ধারে বিদ্যুতের খুঁটিতে হাত দিতেই তিনি বিদ্যুৎস্পৃষ্ট হন, এরপর ঘটনাস্থলেই মৃত্যু।

কালিকাপুরেও বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যুর ঘটনা ঘটে। তাছাড়া বালিগঞ্জ প্লেস, বেনিয়াপুকুরেও ঘটে যায় একইরকম মর্মান্তিক ঘটনা। কোনও কোনও ক্ষেত্রে দেখা যায়, দেহ উদ্ধার করতে গিয়েই সমস্যা পড়তে হয় জমা জলের কারণে।



## ‘আমরা মৃত্যু নিয়ে রাজনীতি করি না’

**নিজস্ব প্রতিবেদন:** উৎসবের আবহে সোমবার প্রবল দুর্যোগের মুখোমুখি হতে হয়েছে শহরবাসীকে। বৃষ্টিতে একেবারে বানভাসি অবস্থা হয়। বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ৯জনের মৃত্যু হয়েছে। ঘটনা নিয়ে শুরু হয়েছে জোর রাজনৈতিক চাপানউতোর। আরও একবার মুখ খুললেন মুখ্যমন্ত্রী। ‘আমরা মৃত্যু নিয়ে রাজনীতি করি না।’ পুজো উদ্বোধনে গিয়ে ফের একবার বিরোধীদের আক্রমণ শানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর স্পষ্টবার্তা, ‘আমরা মৃত্যু নিয়ে রাজনীতি করি না। মৃত্যু দুর্ভাগ্যজনক। যারা মৃত্যু নিয়ে রাজনীতি করে, তাঁরা নিজেদের মুখ আয়নায় দেখুক।’ বাংলার মানুষের পাশে থাকবেন বলেও আশ্বাস মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের। নাম না করে দিল্লির বিজেপি সরকারকে একহাত নেন মুখ্যমন্ত্রী। শুধু তাই নয়, ডিভিসির কারণেই যে বারবার বাংলা ভাসছে তাও স্পষ্ট করেন।

# ভোটচুরি: নিয়ম বদল কমিশনের



**নয়াদিল্লি, ২৫ সেপ্টেম্বর:** সামনেই বিহারের বিধানসভা নির্বাচন। তার আগেই ভোটচুরি নিয়ে নির্বাচন কমিশনের বিরুদ্ধে একেরপর এক তোপ দেগে চলেছেন বিরোধী দলনেতা রাহুল গান্ধি। সামনেই বিহারের বিধানসভা নির্বাচন। সেই নির্বাচন নিয়ে ইতিমধ্যেই উত্তেজনার পারদ তুঙ্গে উঠেছে। এই আবহেই নির্বাচন নিয়ে জারি হল নতুন নির্দেশিকা। এবার থেকে ভোট গণনার শেষ রাউন্ডের আগেই শেষ করতে হবে পোস্টাল ব্যালটের গণনা। ভোট গণনায় জালিয়াতি নিয়ে বারবার প্রশ্ন তোলেন বিরোধীরা। এই নির্দেশের মাধ্যমে সেই প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলে ধারণা রাজনৈতিক মহলের।

নির্বাচন কমিশনের নতুন নির্দেশিকায় ভোট গণনার নিয়মে পরিবর্তন করা হয়েছে। সেখানে বলা হয়েছে, ইভিএম-এর ভোট গণনার শেষ রাউন্ডের আগেই পোস্টাল ব্যালট গণনা শেষ করতে হবে। সাধারণত, পোস্টাল ব্যালট গণনা শুরু হয় সকাল ৮টায়। এর আধঘণ্টা পরে শুরু হয় ইভিএম-এর ভোট গণনা। পুরনো নিয়মে ইভিএম-এর ভোট গণনার সঙ্গে পোস্টাল ব্যালট গণনার কোনও সরাসরি সম্পর্ক ছিল না। সেই ক্ষেত্রে পোস্টাল ব্যালট গণনার আগে ইভিএম-এর ভোট গণনা শেষ হওয়ার ক্ষেত্রে কোনও সমস্যা ছিল না।

সাধারণত পোস্টাল ব্যালট গণনা শেষ হয়ে যায় ইভিএম-এর গণনা শেষ হওয়ার আগেই। যদিও কিছু ক্ষেত্রে এর ব্যতিক্রম হওয়ারও সম্ভাবনা থাকে। কিন্তু, এবার ভোট গণনার প্রক্রিয়ায় অভিন্নতা এবং স্বচ্ছতা বজায় রাখার জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত নিয়েছে গণনাকেন্দ্রের পোস্টাল ব্যালট গণনা শেষ হওয়ার আগে ইভিএম-এর শেষ রাউন্ডের গণনা শুরু হবে না।

# ‘র‌্যাঞ্চো’র বিরুদ্ধে তদন্তে সিবিআই



**লেহ, ২৫ সেপ্টেম্বর:** মাঝে চার মাসের বিরতির পর আগামী ৬ অক্টোবর আলোচনায় বসার কথা কেন্দ্র ও লেহ অ্যাপেক্স বডির। অথচ, তার মাত্র দিন কয়েক আগেই অশান্ত হয়ে উঠেছে লাদাখ। আপাতত পরিস্থিতি নিয়ন্ত্রণে এলেও বুধবারের বিক্ষোভে প্রাণ গিয়েছে চার জনের। নিরাপত্তাবাহিনীর সঙ্গে বিক্ষোভকারীদের সংঘর্ষে জখম অন্তত ৮০ জন। এই ঘটনার পর বুধবারই ৩৫ দিনের অনশন ভেঙেছেন জলবায়ু কর্মী সোনম ওয়াংচুক তথা পর্দার ‘র‌্যাঞ্চো’। কেন্দ্রশাসিত অঞ্চলে জারি হয়েছে কার্ফু। নিরাপত্তার কথা মাথায় রেখে চার জনের বেশি লোকের জমায়েত নিষিদ্ধ হয়েছে এলাকা জুড়ে। আপাতত পরিস্থিতি নিয়ন্ত্রণেই রয়েছে বলে খবর।

এদিকে, এ বার নরেন্দ্র মোদীর সরকারের নিশানায়! লাদাখের বুধবারের অশান্তির জন্য বৃহস্পতিবার সকালে তাঁকে দায়ী করেছিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। ইঞ্জিনিয়র, গবেষক তথা সমাজকর্মী সোনম ওয়াংচুকের বিরুদ্ধে এ বার বিদেশি অনুদান নিয়ন্ত্রণ আইন (ফরেন কনট্রিবিউশন রেগুলেশন অ্যাক্ট বা এফসিআরএ) লঙ্ঘনের অভিযোগে তদন্ত শুরুর কথা কেন্দ্রীয় সংস্থা সিবিআই সূত্রে জানা গেল।

সংবাদ সংস্থা পিটিআই জানিয়েছে, কয়েক দিন আগে থেকেই সোনমের বিরুদ্ধে তদন্ত চলছে। কিন্তু এখনও কোনও এফআইআর দায়ের করা হয়নি। প্রসঙ্গত, কোনও ব্যক্তি বা সংস্থাকে বিদেশি অনুদান নিতে হলে কিছু নিয়ম মানতে হয়। নিতে হয় কিছু নির্দিষ্ট সরকারি ছাড়পত্র। সেই শর্ত ভাঙলে এফসিআরএ ধারায় মামলা দায়ের করা হতে পারে। সোনমের সংস্থা ‘হিমালয়ান ইনস্টিটিউট অফ অল্টারনেটিভস লাদাখ’ (এইচআইএএল) এবং ‘স্টুডেন্টস এডুকেশনাল অ্যান্ড কালচারাল মুভমেন্ট অফ লাদাখ’ (এসইসিএমওএল) -এর বিরুদ্ধে নিয়ম ভেঙে বিদেশি অনুদান নেওয়ার অভিযোগ উঠেছে।



দাউ দাউ করে জ্বলছে প্রিন্স আনোয়ার শাহ রোডের বহুতল।

# বহুতলে ভয়াবহ অগ্নিকাণ্ড

**নিজস্ব প্রতিবেদন:** তৃতীয়াতে ভয়াবহ অগ্নিকাণ্ড কলকাতায়। এদিন আনোয়ার শাহ রোডে তিন তলা বাড়ির উপরে অস্থায়ী স্ট্রাকচারে আগুন লাগে। ওই বহুতলে রয়েছে হোটেল, ক্যাফে, অফিস। নিচে একটি ব্যাঙ্কের কার্যালয়ও রয়েছে। পাশাপাশি রয়েছে একাধিক বাড়ি।

এদিকে স্থানীয় সূত্রে খবর, বৃহস্পতিবার সকালে ওই বহুতলের একেবারের উপরের তলায় আগুন লেগে যায়। কিছুক্ষণের মধ্যেই আগুন ভয়াবহ আকার নেয়। আগুন যাতে নিচের দিকে নেমে না যায় সেই চেষ্টা করে দমকলবাহিনী। এদিকে নজরে আসে একেবারের উপরের তলায় একটি এক্সটেনশন রয়েছে, অর্থাৎ ছাদের উপর একটি পৃথক অস্থায়ী অংশ তৈরি করা হয়েছে, যাতে কোনও ঢালাইও নেই। ওই অংশ তৈরি করার ক্ষেত্রে আদৌ পুরসভার অনুমতি দেওয়া হয়েছে কি না, তা এখনও স্পষ্ট নয়।

একইসঙ্গে স্থানীয় সূত্রে এও জানানো হয়, বারোটার পর সেই আগুনের শিখা দেখতে পান স্থানীয়রা। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় দমকলে। দমকলের প্রথমে দুটি ইঞ্জিন আসে। পরে আরও দুটি। তারপর আবারও আসে আরও একটি। প্রায় দু’ঘণ্টার চেষ্টার পর আগুন নেভাতে সক্ষম হন দমকল কর্মীরা। অগ্নিকাণ্ডের জেরে গোটা এলাকা ঘিরে রাখা হয়। শহরের অন্যতম গুরুত্বপূর্ণ রাস্তা প্রিন্স আনোয়ার শাহ। ঘটনার পরেই পুলিশের তরফে যান চলাচল নিয়ন্ত্রণ করা হয় এই রাস্তায়।

কীভাবে এই আগুন লাগল তা এখনও জানা যায়নি, তবে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে শর্ট সার্কিট থেকেই এই আগুন লেগেছে। এদিকে দমকল সূত্রের খবর, সকলকে নিরাপদে বার করা হয় এবং কোনও প্রাণহানির ঘটনা ঘটেনি।

# উৎসবের রাজপথেও চাকরিপ্রার্থীর মিছিল

**নিজস্ব প্রতিবেদন:** শহরে পুজোর আমেজ শুরু হয়ে গিয়েছে। তারই মধ্যে আবারও মিছিলে উত্তাল হল রাজপথ। প্রায় ৮ বছর পর নতুন করে পরীক্ষা নিয়েছে স্কুল সার্ভিস কমিশন। সেপ্টেম্বর মাসেই নবম-দশম ও একাদশ-দ্বাদশের নতুন নিয়োগের পরীক্ষা নেওয়া হয়েছে। সেই পরীক্ষার পর এক মাস কাটতে না কাটতেই এবার ফের মিছিল। রাস্তায় নামলেন নতুন চাকরিপ্রার্থীরা। একগুচ্ছ দাবি নিয়ে রাস্তায় নেমেছে তাঁরা।

১৪ বছর ধরে নিয়োগ নেই, তাই শূন্যপদ আরও বাড়াতে হবে মূলত এই দাবি ছিল আন্দোলনকারীদের। একই পরীক্ষায় চাকরিহারাদের জন্য ১০ নম্বর বরাদ্দ করে তাঁদের বঞ্চিত করা হচ্ছে বলেও দাবি করেন প্রার্থীরা। এই সব ইস্যুকে হাতিয়ার করেই বৃহস্পতিবার বিকাশ ভবনের দিকে মিছিল করে এগিয়ে যান তাঁরা। এদিকে মিছিল আটকাতে তৎপর হতেও দেখা যায় পুলিশকে। এর ফলে এদিনের এই মিছিলকে কেন্দ্র করে রীতিমতো ধস্তাধস্তির পরিস্থিতি তৈরি হয় করুণাময়ীতে। এদিকে নিজেদের দাবিতে অনড় আন্দোলনকারীরা। বিকাশ ভবনে যেতে বাধা দেওয়া হয় বলে অভিযোগ। প্রার্থীদের দাবি, ‘আমাদের শান্তিপূর্ণভাবে ঢুকতে দেওয়া হোক।’ তাঁদের দাবি, আধিকারিকরা তাঁদের সঙ্গে কথা না বলা পর্যন্ত তাঁরা কোথাও যাবেন না।

পাশাপাশি আন্দোলনকারী যে মূল দাবিগুলি তুলে ধরেন তা হল, এক লক্ষ শূন্যপদ বাড়াতে হবে, কারণ ১৪ বছর ধরে কোনও নিয়োগ হয়নি। দ্বিতীয়ত, চাকরিহারাদের অতিরিক্ত ১০ নম্বর দেওয়া যাবে না। নতুন প্রার্থীদের দাবি, ২০১৬-র প্যানেলের চাকরিহারাদের পৃথকভাবে চাকরি দেওয়া হোক।

বিকাশ ভবনে প্রিন্সিপাল সেক্রেটারি সঙ্গে দেখা করে অসন্তুষ্ট ২০২৫ এসএসসি পরীক্ষা দেওয়া নতুন চাকরি প্রার্থীরা। তাঁরা জানালেন, এক লক্ষ শূন্য পদ তৈরি ও ১০ নম্বরের বিষয়টি মানেনি বিকাশ ভবন। দাবিপত্র জমা নেওয়া হলেও তাদের কোনও আশ্বাস দেওয়া হয়নি বলেও জানান চাকরিপ্রার্থীদের প্রতিনিধিদলের সদস্যরা। প্রতিবাদে বৃহত্তর আন্দোলনে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন তাঁরা। বিকাশ ভবন থেকে ফিরে নিজেদের মধ্যে আলোচনা হয় চাকরি প্রার্থীদের।

এদিন আন্দোলনে অংশ নেওয়া এক চাকরিপ্রার্থী এও জানান, ‘আমাদের পাঁচ দফার মূল দাবি ছিল, ১০ নম্বরটা কাউকেই আলাদা করে দেওয়া চলবে না। ২০ নম্বরের পরীক্ষাটা যাতে স্বচ্ছভাবে নেওয়া হয়। এক লক্ষের বেশি শূন্যপদ বাড়ানো যাবে না। রাজ্য সরকার যদি চায়, তাহলে বাড়ানো যাবে। ১০ নম্বর দেওয়া যাবে কিনা, সেটা সরকারের সিদ্ধান্তের ওপর। সরকার যে রুল পাঠাবে, তার ভিত্তিতে সিদ্ধান্ত নেবে।’

# ঘনাচ্ছে নিম্নচাপ, সপ্তমী পর্যন্ত ঝড়বৃষ্টির সতর্কতা দক্ষিণবঙ্গে!

**নিজস্ব প্রতিবেদন:** এক রাতের তুমুল বর্ষণে ভেসে গিয়েছে কলকাতার বিস্তীর্ণ অংশ। পুজোর মুখে শহরবাসীর দুর্ভোগ অব্যাহত। এর মধ্যে আলিপুর আবহাওয়া দপ্তর খুব একটা সুখবর শোনাতে পারছে না। কারণ বঙ্গোপসাগরে নতুন করে তৈরি হচ্ছে নিম্নচাপ। বঙ্গোপসাগরের উপর নতুন করে একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হতে চলেছে। মায়ানমারের দিক থেকে এগিয়ে আসছে ঘূর্ণাবর্ত। তা ঘনীভূত হয়ে নিম্নচাপে পরিণত হবে চতুর্থীতেই। এর প্রভাবে দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় ভারী বৃষ্টি হতে পারে। কলকাতা-সহ দক্ষিণের বিস্তীর্ণ অংশে বৃষ্টি চলবে আগামী পাঁচ থেকে ছ’দিন। ফলে দুর্গাপুজোর দিনগুলিতেই ভিজতে পারে শহর এবং শহরতলি। আপাতত সপ্তমী পর্যন্ত বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে রাজ্য জুড়ে।



হাওয়া অফিস জানিয়েছে, উত্তর-পশ্চিম এবং পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরে ওড়িশা ও অন্ধ্রপ্রদেশের উপকূল সংলগ্ন এলাকায় এই মুহূর্তে একটি ঘূর্ণাবর্ত রয়েছে। সমুদ্রতল থেকে তার উচ্চতা ৫.৮ কিলোমিটার। এ ছাড়া, পূর্ব-মধ্য এবং সংলগ্ন উত্তর-পূর্ব বঙ্গোপসাগরে আরও একটি ঘূর্ণাবর্ত রয়েছে। এটি ধীরে ধীরে পশ্চিম দিকে সরছে। এর প্রভাবেই আগামী ১২ ঘণ্টায় উত্তর এবং মধ্য বঙ্গোপসাগরের উপর একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হতে পারে। ২৬ সেপ্টেম্বর তা ঘনীভূত হয়ে পরিণত হবে নিম্নচাপে। তখন তার অবস্থান হবে দক্ষিণ ওড়িশা ও অন্ধ্রপ্রদেশ উপকূল সংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর। ২৭ তারিখ সকালে নিম্নচাপ ওড়িশা-অন্ধ্র উপকূল দিয়েই স্থলভাগে প্রবেশ করবে। এর প্রভাব পড়তে চলেছে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে। আগামী অন্তত সাত দিন দক্ষিণবঙ্গে বিক্ষিপ্ত বৃষ্টি হবে। ২৭ সেপ্টেম্বর কয়েকটি জেলায় ভারী বৃষ্টি হতে পারে। ২৮ এবং ২৯ তারিখ বৃষ্টি কিছুটা কম থাকবে।

উত্তরবঙ্গেও আপাতত সোমবার পর্যন্ত বৃষ্টির সতর্কতা জারি রয়েছে। শনিবার ভারী বৃষ্টি হতে পারে জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে। উত্তরের বাকি জেলাগুলিতে বিক্ষিপ্ত ভাবে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি চলবে সোমবার পর্যন্ত। সোমবার মালদহ, দক্ষিণ দিনাজপুরের মতো উত্তরবঙ্গের দক্ষিণের জেলাগুলিও ভিজবে।

একদিন

# আমার শহর

কলকাতা ২৬ সেপ্টেম্বর ২০২৫, ১০ আশ্বিন ১৪৩১ শুক্রবার

## ‘পুলিশ ও তৃণমূল ক্যাডার সমার্থক’

■ বৃহস্পতিবার শাসক দলকে নিশানা করে বিরোধী নেতা শুভেন্দু অধিকারী বলেন, পুলিশ তৃণমূল ক্যাডার সমার্থক। পশ্চিমবঙ্গে পুলিশ না থাকলে এই তৃণমূল দলটারই কোনো অস্তিত্ব থাকবে না, এটা আমি আগেও বলেছি। শুভেন্দু অভিযোগ করেছেন, এসিপি শান্তনু সিনহা বিশ্বাস ভবানীপুরের ৭৩ নম্বর ওয়ার্ডে মদন পাল লেনের স্বরাজ সংঘ ক্লাবে এসে পাড়ার মহিলাদের শাড়ি বিতরণ করছেন এবং বলছেন, ‘দিদি দিয়েছেন’। তিনি প্রশ্ন করেছেন, এসিপি পদাধিকারী একজন পুলিশ অফিসার কি এটা করতে পারেন? শুভেন্দু আরও বলেন, সাধে কি আর আমি পুলিশকে মমতা পুলিশ বলি!

## আইএনএসের নতুন সভাপতি



■ ইন্ডিয়ান নিউজপেপার সোসাইটির (আইএনএস) সভাপতি নির্বাচিত হলেন বিবেক গুপ্তা। বিবেক গুপ্তা হিন্দি দৈনিক পত্রিকার চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর। একাধারে তৃণমূলের বিধায়কও। তিনি বলেন, আমি সম্মানিত এবং বিনীত। এই মর্যাদাপূর্ণ পদে বাংলা থেকে প্রথম ব্যক্তি হিসেবে দায়িত্ব পালন করা গর্বের মুহূর্ত। এই স্বীকৃতি কেবল আমার নয়, বরং সমগ্র সানমার্গ পরিবার, সহকর্মী, শুভাকাঙ্ক্ষী এবং এই যাত্রা জুড়ে যারা আমাকে সমর্থন করেছেন তাদের সকলের। সংবাদপত্র শিল্পকে শক্তিশালী করা, উদ্ভাবনকে উৎসাহিত করার এবং বিশ্বাসযোগ্য সাংবাদিকতার মূল্যবোধকে উন্নত করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।

## চন্দ্রনাথের জামিনে প্রশ্ন সুকান্তর

■ প্রাথমিকে শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় ফের বড় স্বস্তি পেলেন রাজ্যের কারামন্ত্রী চন্দ্রনাথ সিনহা। বিশেষ ইডি আদালত বৃহস্পতিবার শর্তসাপেক্ষে তাঁর জামিন বহাল রাখে। তবে এই রায় নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করেছেন বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তাঁর কটাক্ষ, এই ধরনের অপরাধী যদি বাইরে ঘুরে বেড়ায়, তাহলে মুশকিল। সুকান্তবাবুর বক্তব্য, চন্দ্রনাথবাবুকে নিয়ে আদালতের রায়ে আমরা মর্মাহত। কীভাবে এই রায় এল, তার কারণ খুঁজতে হবে। আদালতের রায় বিচারাধীন বিষয়, কিন্তু এর ফলে রাজ্যবাসীর কাছে খুব খারাপ বার্তা যাচ্ছে। প্রসঙ্গত, গত বছর মার্চে ইডি বোলপুরে চন্দ্রনাথবাবুর বাড়িতে হানা দিয়ে ৪১ লক্ষ টাকা নগদ উদ্ধার করে। যদিও তখন তাঁকে গ্রেপ্তার করা হয়নি। চলতি বছর চার্জশিট জমা পড়ার পর তিনি ৬ সেপ্টেম্বর আদালতে আত্মসমর্পণ করেন।

## মুখ্যমন্ত্রীকে নিশানা

■ উত্তরবঙ্গের চা-বাগানের শ্রমিকদের বঞ্চনার প্রশ্নে ফের তীব্র আক্রমণ শানালেন বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তাঁর অভিযোগ, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পুজোর আগে চা শ্রমিকদের জন্য ২০ শতাংশ বোনাস ঘোষণা করলেও, তাঁরই ঘনিষ্ঠ এক চা-বাগান মালিক শ্রমিকদের মাত্র ১২ শতাংশ বোনাস দিতে রাজি হয়েছেন। শুধু তাই নয়, পাঁচ কোটিরও বেশি পিএফের টাকা বছরের পর বছর জমা না দেওয়ার অভিযোগও তোলেন তিনি। কোচবিহারে যাওয়ার পথে শ্রমিকদের ক্ষোভের কথা তুলে ধরে সুকান্তবাবু বলেন, উৎসবের সময়ে শ্রমিক মা-বোনেরা বঞ্চিত হচ্ছেন, এটা হৃদয়বিদারক। মুখ্যমন্ত্রীর ঘনিষ্ঠ বলেই কি এত অনৈতিকতা চলতে পারে? হুঁশিয়ারি দিয়ে তিনি জানান, অবিলম্বে প্রাপ্য বোনাস ও পিএফ মেটানো না হলে বিজেপি শ্রমিকদের সঙ্গে নিয়ে কলকাতায় মুখ্যমন্ত্রীর বাড়ির সামনে বিক্ষোভে নামবে।



*মৃণ্ময়ী...। গড়িয়া যাত্রা শুরু সংঘের দুর্গাপ্রতিমা। চলছে রঙের কাজ।* *ছবি: অদিতি সাহা*

## কলকাতা ও সংশ্লিষ্ট এলাকার পাম্পিং স্টেশনের ক্ষমতা বৃদ্ধি-সহ নয়া স্টেশন তৈরির উদ্যোগ

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** কলকাতা ও আশপাশের জল জমার সমস্যা মোকাবিলায় পাম্পিং স্টেশনের ক্ষমতা বৃদ্ধির কাজ শুরু করেছে সেচ দপ্তর। একই সঙ্গে নতুন কয়েকটি পাম্পিং স্টেশন তৈরির উদ্যোগও নেওয়া হয়েছে। সেচমন্ত্রী মানস ভূঁইয়া জানিয়েছেন, গত মঙ্গলবার ভোরের দিকে যে পরিমাণ বৃষ্টি হয়েছিল, তা একেবারেই নজিরবিহীন এবং সরকারি পূর্বাভাসেও এতটা প্রবল বৃষ্টির কথা বলা হয়নি। শহরের নিকাশি খালগুলি দিনে ১০০-১২৫ মিলিমিটার বৃষ্টির জল সামলানোর মতো করে নকশা করা। কিন্তু ওইদিন মাত্র ছয় ঘণ্টায় শহরের ১৫ জায়গায় ২০০ মিলিমিটারের বেশি এবং ১০ জায়গায় ১১৫ থেকে ২০২ মিলিমিটার বৃষ্টি হওয়ায় খাল উপচে পড়েছিল।

মন্ত্রী জানান, বর্তমান পাম্পিং স্টেশনগুলির ক্ষমতা বৃদ্ধির পাশাপাশি নতুন স্টেশন তৈরি হচ্ছে।




বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করে আধুনিক প্রযুক্তি ব্যবহারের দিকেও নজর দেওয়া হবে। একই সঙ্গে তিনি সাধারণ মানুষকে সচেতন হওয়ার আহ্বান জানান, যাতে খালে আবর্জনা না ফেলা হয়। বাড়ি থেকে আবর্জনা সংগ্রহ করার দায়িত্ব পুরসভার, খালে ফেলে নিকাশি ব্যবস্থাকে বাধাগ্রস্ত করলে জল জমার সমস্যা আরও বাড়ে। নতুন পাম্পিং স্টেশনগুলির মধ্যে কেষ্টপুরে প্রফুল্ল কানন এলাকায় ক্যান্টনমেন্ট খালের উপর ২০০ কিউসেক ক্ষমতাসম্পন্ন একটি স্টেশন তৈরি হচ্ছে। চারিয়ালে মূল চারিয়াল খালের গঙ্গার সঙ্গে মিলনস্থলে ১০৬০ কিউসেক, টিপি খালের উপর ৪০০ কিউসেক এবং বেগোরে খালের সঙ্গে মানিখালি খালের মিলনস্থলেও একটি নতুন পাম্পিং স্টেশন তৈরি হচ্ছে। সবক’টি পরিকল্পনা গাণিতিক মডেল বিশ্লেষণের ভিত্তিতে নেওয়া হয়েছে।

এছাড়া, বাগজোলা খালের গঙ্গার মুখে অবস্থিত কুলটি পাম্প হাউসের ক্ষমতা ২৪০০ কিউসেক বাড়ানোর কাজ চলছে। তবে মন্ত্রী স্বীকার করেছেন, খালে দখলদারি নিকাশির স্বাভাবিক প্রবাহে প্রভাব ফেলছে। মানস ভূঁইয়ার কথায়, ‘দখলদারি একটি সামাজিক সমস্যা। এর সমাধানের জন্য সংশ্লিষ্ট দপ্তরগুলির সঙ্গে আলোচনা শুরু করা হবে।’

## শোভন-বৈশাখীর অভিষেকের সঙ্গে বৈঠক, তৃণমূলে ফেরার জল্পনা তুঙ্গে

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** দুর্গাপুজোর প্রাক্কালে বঙ্গ রাজনীতিতে অপ্রত্যাশিত সাক্ষাৎ; প্রাক্তন মেয়র শোভন চট্টোপাধ্যায় এবং বৈশাখী বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে তৃণমূল নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের দীর্ঘ বৈঠক হয়েছে। এদিন সাক্ষাৎকার শেষে শোভন চট্টোপাধ্যায় জানিয়েছেন, বৈঠকটি তার জন্য চমকপ্রদ ও মুগ্ধকর ছিল।



শোভন বলেন, দলের কাজে আমি আগ্রহী, জানিয়ে এলাম অভিষেককে। অভিষেকের সঙ্গে দীর্ঘ সাক্ষাৎ হয়েছে, আমি মুগ্ধ। দল যখন যেভাবে কাজে লাগাবে, আমি সেই কাজ করতে আগ্রহী। বয়স কোনও বাধা হবে না। বৈঠকে বৈশাখী বন্দ্যোপাধ্যায়ও উপস্থিত ছিলেন। তিনি বলেন, শোভনের সক্রিয়তা সময়ের অপেক্ষা, তার তৃণমূলে ফেরার সম্ভাবনা দৃঢ়।

শোভন চট্টোপাধ্যায় তৃণমূলের শীর্ষ নেতৃত্বকে পরিবারের মতো মনে করেন এবং জানান, দুর্গাপুজোর তৃতীয়ার দিন অভিষেকের সঙ্গে বহু আলোচনা হয়েছে, আমি মুগ্ধ। আমার ফেরার বিষয়ে মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক মিলিত সিদ্ধান্ত নেবেন।

রাজনীতিতে দীর্ঘদিন সক্রিয় থাকার পর ব্যক্তিগত কারণে শোভন কিছু সময় দূরে ছিলেন। তবে আজকের বৈঠকের পরে তিনি আশাবাদী যে, তৃণমূলে ফেরা কেবল সময়ের অপেক্ষা।



*শিয়ালদহ স্টেশনে ঢাকিদের ভিড়।*

## শর্ট সার্কিট থেকে অগ্নিকাণ্ড চেতলা অগ্রণীতে, বন্ধ পুজোমণ্ডপ

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** চতুর্থীর দিনই দর্শনার্থীদের জন্য খুলে দেওয়া হয়েছিল দক্ষিণ কলকাতার অন্যতম নামী পুজো চেতলা অগ্রণী ক্লাবের মণ্ডপ। ২৪ ঘণ্টার মধ্যেই তা বন্ধ করে দিতে হল। খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছয় দমকলের দু’টি ইঞ্জিন। সূত্রের খবর, বৃহস্পতিবার সকালে চেতলার মণ্ডপে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। তাই সুরক্ষার স্বার্থে সেখানে আপাতত দর্শনার্থীদের প্রবেশ বন্ধ করে দেওয়া হয়েছে। এদিন সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে সেকথা জানিয়েছেন পুজো উদ্যোক্তারা। যদিও অগ্নিকাণ্ডের জেরে বড় ক্ষয়ক্ষতির খবর নেই এখনও পর্যন্ত। ফের কবে চেতলা অগ্রণীর মণ্ডপ খুলবে, তা ঘোষণা করা হবে। দর্শনার্থীরা এখনই মণ্ডপ দর্শন করতে পারবেন না বলে দুঃখপ্রকাশ করা হয়েছে ক্লাবের তরফে। কলকাতার মেয়র ফিরহাদ (ববি) হাকিমের পুজো বলেই পরিচিত এই চেতলা অগ্রণীর পুজো।



ফেসবুক পোস্টে চেতলা অগ্রণীর তরফে জানানো হয় যে, ‘এক অভূতপূর্ব দুর্ঘটনার কারণে আমাদের চেতলা অগ্রণী ক্লাব প্যান্ডেল, ২৫ সেপ্টেম্বর, ২০২৫ তারিখ বন্ধ থাকবে। ভক্ত এবং দর্শনার্থীদের জন্য এটি কখন খোলা হবে তা আমরা শীঘ্রই আবার জানিয়ে দেব। এই অসুবিধার জন্য আমরা দুঃখিত।’

শট সার্কিট থেকে চেতলার মণ্ডপে আগুন লেগেছিল। যদিও সেই পরিস্থিতি আপাতত নিয়ন্ত্রণে। কিন্তু সুরক্ষার স্বার্থে বৃহস্পতিবার দিনটি দর্শনার্থীদের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। এবছর চেতলা অগ্রণীর থিম, অমৃত কুম্ভের সন্ধানে। সাহিত্যিক সমরেশ বসুকে শ্রদ্ধা জানাতে এই ভাবনা পুজো উদ্যোক্তাদের। এখানকার প্রতিমার চক্ষুদান করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার, তৃতীয়া থেকে সেই মণ্ডপ খুলে দেওয়া হয়েছিল। ইতিমধ্যে অনেকে চেতলার পুজো দেখে এসেছেন। কিন্তু অগ্নিকাণ্ডের জেরে ২৪ ঘণ্টার মধ্যেই তা বন্ধ হয়ে গেল আপাতত।

## ২০২৬ বিধানসভা ভোট: সংখ্যালঘু অধ্যুষিত জেলা তৃণমূলের ‘চ্যালেঞ্জ জোন’

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ২০২৬ বিধানসভা নির্বাচনের আগে তৃণমূল কংগ্রেসের অভ্যন্তরীণ মন্থন চলছে। শারদ উৎসবের মধ্যেও রাজ্যের শাসকদল ব্লকস্তরে রদবদল শুরু করেছে। বিশেষভাবে নজর রাখা হচ্ছে মালদা, মুর্শিদাবাদ ও উত্তর দিনাজপুরে; যে জেলাগুলি একসময় কংগ্রেসের দুর্গ ছিল। সংখ্যালঘু অধ্যুষিত এই অঞ্চলগুলিতে গোষ্ঠী কোন্দল, ধর্মীয় মেরুকরণ ও দলীয় বিভাজন তৃণমূলের জন্য বড় চ্যালেঞ্জ তৈরি করছে। মুর্শিদাবাদে প্রশাসনিকভাবে একটি জেলা হলেও দলীয়ভাবে দু’টি সাংগঠনিক জেলা; বহরমপুর ও জঙ্গিপুর নিয়ন্ত্রণে রাখা হয়েছে। ব্লকস্তরে সভাপতি ও কোর কমিটি গঠন করে নেতৃত্বের ভারসাম্য রক্ষা করা হচ্ছে। ভরতপুরের দু’টি ব্লকে সভাপতি ঘোষণা করা হয়নি; যুব, মহিলা ও শ্রমিক সংগঠনের ক্ষেত্রেও একই ছবি। বিশেষজ্ঞরা মনে করছেন, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের তত্ত্বাবধানে এই প্রাথমিক নামের তালিকা তৈরি করা হচ্ছে, মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুমোদন সাপেক্ষে। রাজনৈতিক মহলের দৃষ্টি, তিন জেলা তৃণমূলের কাছে একদিকে সুযোগ, অন্যদিকে ঝুঁকি। বিরোধী দলের জোটবদ্ধ প্রচেষ্টা ও অভ্যন্তরীণ বিভাজন সামলাতেই দল ব্লক ও কোর কমিটি পুনর্গঠন করছে। আগামী কয়েক মাসে এই কৌশল কতটা কার্যকর হবে, তা বোঝা যাবে।

## বোনাস নিয়ে অস্থায়ী স্বাস্থ্যকর্মীদের বিক্ষোভ আরজি করে

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** অস্থায়ী স্বাস্থ্যকর্মীদের মধ্যে সমভাবে বণ্টন হয়নি বোনাস। তারই জেরে বিক্ষোভ ছড়াল আরজি করে। কাজ বন্ধ রেখে লাগাতার বিক্ষোভ দেখাতে থাকেন তাঁরা। তার জেরে ভোগান্তির শিকার রোগীর পরিজনরা। তাঁদের অভিযোগ, যে সংস্থার অধীনে তাঁরা কাজ করেন বর্তমানে সেই সংস্থা কোনওভাবেই তাঁদের সঙ্গে সহযোগিতা করছে না। এমনকী ব্যবহারও খারাপ করছে। বোনাসও দিচ্ছে না। মূলত, সব মিলিয়ে ২৭০ জন মতো কর্মী রয়েছেন। ২০২৪ সালেও পুজোর সময় ৯ হাজার ৫০০ টাকা করে বোনাস পেয়েছিলেন তাঁরা। এরপর ২০২৫-এ এই পুজোর বোনাস তাঁদের হাতে এসেছে বুধবার রাতে। কিন্তু টাকার পরিমাণ আগের বছরেরও অর্ধেক। শুধু তাই নয় সবাইকে সমান ভাবে দেওয়া হয়নি বোনাসের টাকা। জানা যাচ্ছে, কেউ পেয়েছেন তিন হাজার, কেউ চার হাজার, কেউ বা পাঁচ হাজার টাকা। আবার অনেকে কিছুই পাননি। একইসঙ্গে তাঁরা এও জানান, মাইনে বছরে ১০০ টাকা বাড়ে। কোনও পিএফ নেই। নেই কোনও ইএসআই-ও। তার বদলে কথায় কথায় শুনতে হয় হুঁশিয়ারি। আর সেই কারণেই এই বিক্ষোভ।

## তিন দিন বিদ্যুৎহীন বালিগঞ্জের একটি আবাসন, উদাসীন সিইএসসি

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** প্রায় তিনদিন বিদ্যুৎহীন বালিগঞ্জের ৬বি অনিল মৈত্র রোডের এক আবাসন। সেখানে চারটি ফ্ল্যাট রয়েছে। বৃহস্পতিবার দুপুর পর্যন্ত বিদ্যুৎহীন এই আবাসন। এর ফলে খাবারের জল কিনে যাবতীয় কাজকর্ম করতে হচ্ছে এখানকার বাসিন্দাদের। জলের পাম্প চলছে না ফলে বাথরুমের ক্ষেত্রেও কেনা জল ভরসা। এদিকে সিইএসসি-কে একাধিকবার যোগাযোগ করেও কোনও সুরাহা হয়নি। এই প্রসঙ্গ স্থানীয়রা জানান, সোমবার রাত তিনটের সময় বিদ্যুৎ চলে যায়। তারপর বৃহস্পতিবার দুপুর বারোটা বেজে গেলেও বিদ্যুৎ আসেনি। আবাসনের একটি মাত্র ফ্ল্যাটে একটি ঘরে বিদ্যুৎ রয়েছে। কারণ সেটি আলাদা মিটার।

## ‘রঘু ডাকাত’ ছবির সাফল্য কামনায় নৈহাটিতে বড়মার মন্দিরে পুজো দিলেন দেব



**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** লোকমুখে প্রচলিত, ‘রঘু ডাকাত’ ছিলেন বাংলার রবিনহুড। যিনি দরিদ্র, নিপীড়িতদের কাছে ছিলেন মশিহা। তাঁকে কেন্দ্র করেই বড় পর্দায় তৈরি হয়েছে রঘু ডাকাত। দেব অভিনীত ‘রঘু ডাকাত’ ছবি বৃহস্পতিবার মুক্তি পেয়েছে। সেই ছবির সাফল্য কামনায় এদিন বিকেলে নৈহাটিতে বড়মা মন্দিরে পুজো দিলেন সুপারস্টার দীপক অধিকারী ওরফে দেব। বড়মার কাছে পুজো দিয়ে দেব বলেন, বড়মা খুব জাগ্রত। বড়মা সকলের কথা শোনেন। বড়মা সকলের পাশেও থাকেন। মায়ের কাছে তিনি আশীর্বাদ নিতে এসেছেন। কারণ, এদিন ‘রঘু ডাকাত’ ছবি মুক্তি পেয়েছে। দেব বলেন, এই ছবির সাফল্য কামনায় তিনি মায়ের কাছে পুজো দিলেন। দেবের কথায়, দিনকে দিন যেভাবে অশান্তি বাড়ছে। প্রাকৃতিক দুর্যোগ বাড়ছে। তাতে মা যেন সবাইকে রক্ষা করেন। মায়ের কাছে সেই প্রার্থনাও তিনি করলেন। দেবের কথায়, যার সঙ্গে মানুষের সরাসরি যোগাযোগ আছে। যার সঙ্গে মায়ের আশীর্বাদ আছে। তাকে এসব নিয়ে ভাবতে হবে না। বাংলার ছবি এবং বাঙালিয়ানাকে তিনি এগিয়ে নিয়ে যেতে চান। বাংলার ছবি যাতে ‘ইন্ডিয়ান ফিল্ম’ হিসেবে সম্মান পায়। সেটা নিয়েই তাঁর লড়াই জারি থাকবে।

## জোট চেয়ে বামফ্রন্টকে চিঠি নওশাদের, পালটা ফোন বিমান বসুর

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ২০২৬-এর বিধানসভা নির্বাচনে বাম-কংগ্রেস জোট হবে কি না তা নিয়ে জল্পনা তুঙ্গে। তবে এদিকে এআইএসএফ-এর তরফ থেকে জোট চেয়ে বামফ্রন্টকে চিঠি দিলেন নওশাদ সিদ্দিকী। পাল্টা নওশাদকে ফোন বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসুর। পুজো কেটে গেলে দু’পক্ষের আলোচনায় বসার কথা। একইসঙ্গে তৃণমূল বিজেপি বিরোধী দল হিসেবে কংগ্রেসকে জোটে চায় আইএসএফ। তিনি বলছেন, ‘আমরা চাই বিজেপি-তৃণমূলের বাইরে যত সেক্যুলার দল রয়েছে তারা সকলে এক জায়গায় হোক। একজোট হয়ে বিজেপি-তৃণমূলকে হারাক।’ এই প্রসঙ্গে কটাক্ষের সুরে এও বলেন, ‘গতবার কংগ্রেস আমাদের অচ্ছুৎ মনে করেছিল, আশা করি এবার এমন কিছু হবে না।’ এর পাশাপাশি বামেদেরকেও একহাত নিতে ছাড়েননি তিনি। বলেন, ‘ফেসবুকের হাওয়ায় পার্টি চালিয়ে আসন ডিমান্ড করা যাবে না।’

এদিকে সিপিএম আবার আসন সমঝোতা নিয়ে নিজের শরিকদের নিয়েই চাপে রয়েছে। চূড়ান্ত কোনও সিদ্ধান্ত এখনও নিয়ে উঠতে পারেনি বামফ্রন্ট। এমতাবস্থায় বড় কথা বলে দিয়েছেন নওশাদ। তাঁর দাবি গত কয়েক বছরে গোটা রাজ্যেই ধারেভারে তাদের সংগঠন অনেকটাই বেড়েছে। তাঁর সাফ কথা, ‘ফেসবুকের সংগঠনে আমরা কনটেস্ট করব না। হাওয়ায় হাওয়ায় লড়াই করব না। যেখানে আমরা বুথ স্তরে সংগঠন তৈরি করতে পারব সেখানে আমরা লড়াই করব। সেখানেই আমরা আসন চাইব।’ সঙ্গে এও জানান, ‘মুর্শিদাবাদ, মালদা, দিনাজপুরে আমাদের সংগঠন ব্যাপক হারে তৈরি হচ্ছে। আর হাওড়া তো আছেই। কলকাতাতে এক থেকে দু’টি জায়গায় আমরা সংগঠনকে বুথ স্তরে তৈরি করতে পেরেছি।’



প্রসঙ্গত, শেষ বিধানসভা ভোটে সংযুক্ত মোর্চা দেখেছিল বাংলা। একইসঙ্গে ভোটে লড়েছিল সিপিএম, কংগ্রেস, আইএসএফ। এরপর গিয়েছে লোকসভা ভোট। ইন্ডিয়া জোট দেখেছে গোটা দেশ। জোটে একই মঞ্চে দেখা গিয়েছে কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসকে। পরবর্তীতে বর্তমান সময়েও ঘাসফুল শিবিরের সঙ্গে হাত শিবিরের সখ্য নিয়েও আলোচনা কম হয়নি বঙ্গ রাজনীতিতে। এদিকে এই সখ্যতা নিয়ে চাপানউতোর চলতে থাকে দিল্লির কংগ্রেস আর বাংলার প্রদেশ কংগ্রেসের মধ্যেও।


তবে ২০২৬-এর বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে নওশাদ জানান, ‘লোকসভা নির্বাচনে আমাদের মধ্যে যে বনিবনা হয়নি সেটা আমরা পরের উপনির্বাচনেই কাটিয়ে উঠতে পেরেছি। সেই সময় কংগ্রেস আমাদের অচ্ছুৎ মনে করেছিল বলে আমাদের সঙ্গে আসতে চায়নি। কিন্তু এখন যাঁরা ধর্মনিরপেক্ষ রাজনীতি প্র্যাকটিস করেন আমরা তাদের সকলকে ওয়েলকাম করি। কংগ্রেসও তার বাইরে নয়।’ তবে একইসঙ্গে নওশাদ যদিও আবার রাহুল গান্ধিকেও ‘দায়িত্ব’ মনে করিয়ে দিয়ে কটাক্ষের সুরে বলেন, রাহুল গান্ধি রাজ্যে এসে যেন তৃণমূলের বিরুদ্ধে ভোট চুরির কথা বলেন। একইসঙ্গে নওশাদ এও বলেন, ‘রাহুল গান্ধির বাংলায় আসা দরকার। তৃণমূলের আমলে যে ভোট চুরিগুলি হচ্ছে আশা করব বাংলায় এসে সেগুলি এক্সপোজ করবেন। কেন্দ্রের ভোট চোর, রাজ্যের ভোট চোরের বিরুদ্ধে কথা বলবেন।’

সম্পাদকীয়

# স্বাস্থ্যক্ষেত্রে ঐতিহাসিক পদক্ষেপ গ্রহণ নরেন্দ্র মোদী সরকারের

দেশের স্বাস্থ্য অবস্থাকে আরও উন্নত, আরও আধুনিক, আরও শক্তিশালী করা এবং তা দেশের প্রান্তিক মানুষের দরজায় পৌঁছে দিতে ঐতিহাসিক পদক্ষেপ কেন্দ্রের নরেন্দ্র মোদী সরকারের। সম্প্রতি কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, দেশের বিভিন্ন সরকারি মেডিকেল কলেজগুলোতে আসন সংখ্যা প্রায় দশ হাজার বাড়ানো হবে। এর মধ্যে পোস্ট গ্রাজুয়েট স্তরে ৫০০০ এবং আন্ডার গ্রাজুয়েট স্তরে ৫০০০, এভাবেই বাড়ানো হবে আসন সংখ্যা। আগামী কয়েক বছরের মধ্যে ধীরে ধীরে এই প্রকল্প বাস্তবায়িত হবে। দেশজুড়ে মেডিক্যাল শিক্ষায় এই বিপুল আসন সম্প্রসারণে স্বাস্থ্যকর্মীদের পাশাপাশি খুশি আম জনতাও। এই প্রকল্পের আওতায় রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকার পরিচালিত মেডিক্যাল কলেজ, পিজি ইনস্টিটিউট এবং সরকারি হাসপাতালগুলিকে আধুনিকীকরণ ও উন্নত করার পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রতিটি আসনের জন্য আনুমানিক খরচ ধরা হয়েছে দেড় কোটি টাকা। এ প্রসঙ্গে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, এই প্রকল্পের সম্প্রসারণ সরকারের অঙ্গীকারকে আরও একবার স্পষ্ট করে দিল। দেশে আরও বেশি সংখ্যক চিকিৎসক তৈরি, স্বাস্থ্য মানবসম্পদকে শক্তিশালী করা এবং সাধারণ মানুষের জন্য উন্নত গুণমানের স্বাস্থ্য পরিষেবা সহজলভ্য করা। প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে সবার জন্য স্বাস্থ্য প্রকল্পের বাস্তবায়নের পথে এটি হবে ঐতিহাসিক পদক্ষেপ। ২০২৫-২৬ থেকে ২০২৮-২৯ সালের মধ্যে এই দুই প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ১৫,০৩৪.৫০ কোটি টাকা। এর মধ্যে কেন্দ্রীয় সরকার দেবে ১০,৩০৩.২০ কোটি টাকা এবং রাজ্য সরকার দেবে ৪,৭৩১.৩০ কোটি টাকা। এই প্রকল্প বাস্তবাযিত হলে দেশের পড়ুয়ারা আরও বেশি করে মেডিক্যাল শিক্ষায় অংশ নেওয়ার সুযোগ পাবে। আরও বড় কথা, চিকিৎসা শিক্ষার মান আরও উন্নত হবে এবং তা আন্তর্জাতিক মানে পৌঁছবে। গ্রামাঞ্চল ও দুর্গম এলাকায় চিকিৎসা পরিষেবা আরও সহজলভ্য হবে। ফলে উপকৃত হবে প্রান্তিক মানুষও।

## শব্দবাণ-৩৯৯




শুভজ্যোতি রায়

**সূত্র—পাশাপাশি:** ১. কুলনারী ৩. আকৃতি, আকার ৪. পরিত্যক্ত ৬. একান্ত, নেহাত ৯. নামহীন ১০. দেবী দুর্গা।

**সূত্র—উপর-নীচ:** ১. পুরাতন, প্রাচীন ২. মাটির কলসি ৩. হুঁশিয়ারি ৫. নীচু জলা জায়গা ৭. পরিহাস, ঠাট্টা ৮. এক নদী।

### সমাধান: শব্দবাণ-৩৯৮

**পাশাপাশি:** ২. পর্বতপতি ৫. থিতু ৬. গ্রন্থ ৭. ধাপ ৮. মোহ ১০. ণত্ববিধান।

**উপর-নীচ:** ১. খেপ ২. পক্ষগ্রহণ ৩. তরু ৪. তিথিপালন ৯. ছবি ১১. ত্বষ্টা।

## জন্মদিন

### আজকের দিন



মনমোহন সিং

*১৯২৩ বিশিষ্ট চলচ্চিত্রাভিনেতা দেব আনন্দের জন্মদিন।*
*১৯৩২ ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের জন্মদিন।*
*১৯৬২ বিশিষ্ট চলচ্চিত্রাভিনেতা চাঙ্কি পান্ডের জন্মদিন।*

# এবার কংগ্রেস-শাসিত রাজ্য কর্নাটকে কাজে গিয়ে ‘খুন’ মালদার পরিযায়ী শ্রমিক

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** ভিন রাজ্যে কাজে গিয়ে মোবাইল চুরির প্রতিবাদ করেছিলেন মালদার এক পরিযায়ী শ্রমিক। এরপরই বাঙালি ওই পরিযায়ী শ্রমিককে পিটিয়ে খুন করলো দুষ্কৃতীরা। মৃতের পরিবারের অভিযোগ, ভিন রাজ্যে বাংলা ভাষায় কথা বলার কারণেই এই নির্মম হত্যাকাণ্ডটি ঘটিয়েছে হামলাকারীরা। বুধবার বিকেলে ঘটনাটি ঘটেছে কর্নাটক রাজ্যের মহীশূর জেলায়। ওইদিন রাতেই পুরাতন মালদার ওই পরিযায়ী শ্রমিকের বাড়িতে ফোন করে জানায় সংশ্লিষ্ট রাজ্যের পুলিশ। সংসারের একমাত্র উপার্জনশীল ব্যক্তিকে হারিয়ে রীতিমতো শোকে ভেঙে পড়েছে গোটা পরিবার।



স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মৃত পরিযায়ী শ্রমিকের নাম খাইরুল জামাল (৫৪)। তাঁর বাড়ি পুরাতন মালদা থানার সাহাপুর গ্রাম পঞ্চায়েতের দিলালপুর এলাকায়। খাইরুলের পরিবারে তাঁর স্ত্রী তাজকেরা বিবি এবং দুই মেয়ে রয়েছে। বড় মেয়ে শিউলির বিয়ে হয়ে গিয়েছে। ছোট মেয়ে স্থানীয় একটি স্কুলে সপ্তম শ্রেণিতে পাঠরত। খাইরুলের বৃদ্ধ বাবা নুরুল ইসলাম রয়েছে। এত বড় পরিবারকে একাই রোজগার করে টানছিল ওই পরিযায়ী শ্রমিক। মৃতের বড় মেয়ে শিউলি বিবি বলেন, ‘ছয় মাস আগে কর্নাটকের মহীশূরে নির্মাণ শ্রমিক হিসেবে কাজ করতে গিয়েছিলেন বাবা। মূলত বাবা অন্যান্য শ্রমিকদের জন্য রান্নার কাজটাই বেশি করতো। যেখানে নির্মাণ কাজ চলছিল, তার আশেপাশেই তাঁবু খাটিয়ে একসঙ্গে ২৫ থেকে ৩০ জন পরিযায়ী শ্রমিক থাকতো। যারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার। বুধবার দুপুরে যখন বাবা রান্নার কাজ করছিল, তখন অন্যান্য পরিযায়ী শ্রমিকেরা নির্মাণের কাজে যুক্ত ছিল। সেই সময় স্থানীয় অচেনা এক যুবক তাঁবুতে ঢুকে মোবাইল চুরি করে। সেটি আমার বাবা হাতেনাতে ধরে ফেলে এবং প্রতিবাদ জানায়। এরপরই ওইদিন সন্ধ্যায় ওই যুবক দলবল নিয়ে এসে বাবার ওপর হামলা চালায়। তাঁবুর মধ্যে বাবাকে পিটিয়ে খুন করে। ঘটনার সময় ওখানে কেউ ছিল না। এমনকি বাংলা কথা বলার জন্য আরও বেশি অত্যাচার চালানো হয়। এই ঘটনায় আমরা অভিযুক্তদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি।’ এদিকে এই ঘটনার পর বৃহস্পতিবার মৃত পরিযায়ী শ্রমিকের বাড়িতে দেখা করেন তৃণমূলের শ্রমিক সংগঠন আইএনটিটিইউসি’র জেলা সভাপতি বিশ্বজিৎ হালদার। তিনি বলেন, ‘কর্নাটকে কংগ্রেস শাসিত রাজ্য। শুধু তাই নয়, এই ধরনের বিজেপি শাসিত রাজ্যগুলিতেও বাংলাভাষীদের ওপর নির্মম অত্যাচার চালাচ্ছে একশ্রেণির মানুষ। মোবাইল চুরি হয়েছিল বলেই তো ওই পরিযায়ী শ্রমিক প্রতিবাদ জানিয়েছিল। তারজন্য ওকে এভাবে পিটিয়ে মারা হবে ভাবতেই অবাক লাগছে। শুধু মোবাইল চুরির প্রতিবাদ নয়, বাংলা ভাষায় কথা বলার কারণেও খাইরুলের ওপর আক্রমণ করা হয়েছে। আমরা এই ঘটনার তীব্র নিন্দা প্রকাশ করছি।’ স্থানীয় পুলিশ ও প্রশাসন সূত্রে জানা গিয়েছে, মৃত ওই পরিযায়ী শ্রমিকের দেহ ফিরিয়ে আনার ক্ষেত্রে সবরকম ব্যবস্থা নেওয়া হয়েছে। মৃতের পরিবারের যে অভিযোগ গ্রহণ করার পাশাপাশি কর্নাটক রাজ্যের প্রশাসনকেও জানানো হয়েছে।

# ২০২৬-এ তৃণমূলের বিসর্জনের ডাক শমীকের



**নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান:** ২৫ সেপ্টেম্বর দীনদয়াল উপাধ্যায়ের জন্ম দিবস উপলক্ষে বর্ধমানের একটি কর্মসূচিতে যোগ দিয়ে রাজ্য সরকারের প্রতি তীব্র ক্ষোভ উগড়ে দিলেন বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে উদ্দেশ্য করে তিনি বলেন, ‘২০০ কোটি টাকা খরচা করে তৈরি দীঘায় মন্দির। যে টাকাটা হিডকোর। জগন্নাথ দেব কোথায় যাবেন, কোথায় থাকবেন সেটা ঠিক করবেন এই রাজ্যের মুখ্যমন্ত্রী! জগন্নাথ দেব বলছেন কী করব আমার এটাই দেখার ছিল, আমি এসে গেছি চিন্তার কোনও কারণ নেই! আমাকে সাক্ষী রেখে তোমার বিসর্জন কলকাতার বাবু ঘাটে নয়, বঙ্গপসাগরে করে দেওয়া হবে। ২০২৬-এর নির্বাচন তৃণমূলের বিসর্জন।’ মঞ্চ থেকে এমনই মন্তব্য করতে দেখা যায় বিজেপির রাজ্য সভাপতিকে। দীনদয়াল উপাধ্যায়ের অবক্ষ মূর্তি উন্মোচন করার পাশাপাশি একটি জনসভা করেন তিনি। মঞ্চে বক্তব্য রাখতে গিয়ে জগন্নাথ দেবের রেশ টেনে তৃণমূলের বিসর্জনের ডাক দেন শমীক ভট্টাচার্য। সাংবাদিকদের সম্মুখীন হয়ে শমীক বলেন, ‘বর্ধমান বিশ্ববিদ্যালয়ে প্রায় দুই কোটি ফিক্সড ডিপোজিটের টাকা উধাও হয়ে গেল। আজ পর্যন্ত তার কোনও ব্যবস্থা হল না। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের এই লাগাম ছাড়া দুর্নীতি নিয়ে জানি রাজ্য সরকার কোনও পদক্ষেপ গ্রহণ করতে পারবে না। আমরা কেন্দ্রীয় তদন্তের দাবি জানাচ্ছি।’ সাধারণ মানুষের বাড়ি বাড়ি যে বিশুদ্ধ পানীয় জল পৌঁছানোর ব্যবস্থা। সেটা তৃণমূলের দুর্নীতির কারণে বাস্তবায়িত হয়নি বলেও জোরালো আওয়াজ তোলেন বিজেপির রাজ্য সভাপতি।

# ৫০০ বছরের প্রাচীন চিল্কিগড়ে অষ্টমী তিথিতে বিরাম ভোগ রাঁধেন মা কনক দুর্গা

## মহাষ্টমীতে দেওয়া হয় হাঁসের ডিমের ভোগ

**অরূপ ঘোষ ● ঝাড়গ্রাম**

ঝাড়গ্রাম শহর থেকে মাত্র ১৪ কিমি দূরে নির্জন অরণ্যের মধ্যে দণ্ডায়মান ইতিহাস। যা শহুরে সভ্যতার কাছে এখন অনেকটাই অজানা। নীলবসনা দেবীর এই ঐতিহ্য নিয়ে আজও পর্যটকদের কাছে ব্যতিক্রমী ঠিকানা ঝাড়গ্রামের চিল্কিগড়ের কনক দুর্গা মন্দির। মত্তগজ রাজবংশের গোপীনাথ সিং এই পুজোর প্রতিষ্ঠা করেন বলে জানা যায়। আজ থেকে প্রায় ৫০০ বছর আগে রাজা, রানিমার কাঁকন ও বালা দিয়ে তৈরি করেছিলেন দেবী কনকদুর্গার মূর্তি। আর এই মন্দির স্থাপন করা হয়েছিল চিল্কিগড়ের ডুলুং নদীর চরে গভীর অরণ্যের মাঝে। প্রথমে এখানে ব্রাহ্মণ রাজা স্বরূপ ত্রিপাঠী পুজো করে আসছিলেন। পরবর্তী ক্ষেত্রে সামন্ত রাজা এই পুজো চালিয়ে আসছেন। সারা বছরই পূণ্যার্থীরা এই মন্দিরে ভিড় করেন। তবে দুর্গাপুজোর সময় বহু পর্যটক ঘুরতে আসেন এখানে। অন্যান্য পুজোর থেকে এখানের নিয়মাবলী পুরোপুরি ভিন্ন, মহাষ্টমীতে হাঁসের ডিমের ভোগ দেওয়া হয়। তবে দুর্গাপুজোর চার দিন বিশেষ রীতি আচার মেনে পুজো চলে ঝাড়গ্রামের কনক দুর্গা মন্দিরে। এই চার দিন দেবীকে হাঁসের ডিম, মাছ পোড়া, শাক ভাজা ও পান্তা ভাতের ভোগ নিবেদন করা হয়। প্রতিবার খাবারের শেষে মায়ের জন্য একটি পান দিয়ে আসেন এখানকার পুরোহিতরা।

কথিত আছে, এখানে অষ্টমীর বিরাম ভোগ রাঁধেন দেবী নিজে। তিথি-নক্ষত্র মেনেই অষ্টমী পুজোর পর গভীর রাতে জঙ্গলের ভেতরে একটি কক্ষে নতুন মাটির হাঁড়িতে জল ও অন্যান্য সামগ্রী ভরে শালপাতা দিয়ে হাঁড়ির মুখ




বন্ধ করে উনুনে চাপিয়ে দেন মন্দিরের মূল পুরোহিত। উনুনে তিনটি কাঠে আগুন জ্বেলে ঘরের দরজা তালাচাবি দিয়ে বন্ধ করে রাজ বাড়িতে দিয়ে আসা হয়। সেখানে বাইরের কারও প্রবেশাধিকার থাকে না। নবমী দিন সকালে ফের রাজবাড়ি থেকে চাবি এনে তা খোলা হয় শুরু হয়। স্থানীয়দের বিশ্বাস, দেবী স্বয়ং এসে এই ভোগ রান্না করেন। স্থানীয়দের মতে, এই দেবী অত্যন্ত জাগ্রত, মায়ের কাছে কিছু প্রার্থনা করলে তা পূর্ণ হয়। চিল্কিগড়ে গিয়ে পৌঁছলেই মনে হবে প্রকৃতি তার সব রূপ যেন ঢেলে দিয়েছে। নদী, ছায়াঘন জঙ্গল, গাছে গাছে রঙবেরঙের প্রজাপতি, কি নেই সেখানে! জঙ্গলের মধ্যে কনকদুর্গা মন্দির, ডুলুং নদী এবং জঙ্গলের টানে পর্যটকের ভিড় এখানে লেগেই থাকে বছরভর। কিন্তু, রাতে থাকার ঠিকঠাক ব্যবস্থা না থাকায় মুখ ফেরাচ্ছিলেন পর্যটকরা। এবার সেই কালিমা ঘুচিয়ে নবরূপে তৈরি চিল্কিগড়। জঙ্গল লাগোয়া এলাকায় অতিথিশালা রয়েছে। প্রশাসনের উদ্যোগে মন্দির চত্বরে সৌন্দর্যায়নের কাজ হয়েছে।

# ডিঙি নিয়ে ধান তোলার রীতি প্রচলিত পতিরামের প্রাচীন ঘোষ বাড়ির দুর্গাপুজোয়

## একসময় দেওয়া হত মোষবলি

**অমরজিৎ সিংহ রায়**

**বালুরঘাট:** দক্ষিণ দিনাজপুর জেলার বনেদিয়ানা পুজোগুলির মধ্যে অন্যতম বালুরঘাট ব্লকের অন্তর্গত পতিরাম এলাকার ঘোষ বাড়ির দুর্গাপুজো। জমিদার বাড়ির একচালার (এক কাঠামোর মধ্যেই সব প্রতিমা) এই পুজো চলে আসছে অষ্টম পুরুষ ধরে। প্রায় ৩০০ বছর পুরোন এই পুজো। জানা গিয়েছে, এই পুজোর মা দুর্গা প্রথমে পূজিত হতেন টিনের চালা ঘরে। বর্তমানে টিনের চালা মন্দির ঘরটি দালান মন্দিরের রূপ নিয়েছে। সেই সময় সপ্তমী থেকে নবমী পর্যন্ত এই তিনদিন মঙ্গল চণ্ডী গানের আসর বসত। রাতে হত যাত্রাগান। পাশাপাশি চলত সপ্তমী, অষ্টমী এবং নবমীতে পশুবলি প্রথাও। বিশেষ করে কয়েক প্রজন্ম ধরে চলত মোষ বলি প্রথা। তারপরে কয়েক প্রজন্ম চলেছিল পাঁঠা বলির রেওয়াজ। তবে আজ এই প্রথার বিলুপ্তি ঘটেছে। তবে দিন বদলের সঙ্গে সঙ্গে ঘোষ বাড়ির দুর্গাপুজোর রীতিতে কিছুটা পরিবর্তন হলেও, সেকালের সাবেকিয়ানার ছোঁয়া আজও বর্তমান। কুলদেবতা থাকার কারণে পঞ্চমীর দিন ঘোষ বাড়িতে নারায়ণের পুজো হয়। ষষ্ঠীর দিন বেল গাছ তলায় দেবীর বোধন হয় এখানে। তবে অন্নভোগ দেওয়ার প্রচলন নেই। তাই ফল-মূল, লুচি, পায়েস প্রভৃতি ভোগ হিসেবে নিবেদন করা হয়। বাড়ির পূর্বপূরুষরা আগে ধান, চাল, প্রভৃতির ব্যাবসা করত। সেই ধান, চাল নদী পথে পূর্ববঙ্গের বিভিন্ন প্রান্তে রপ্তানী করা হত। সেই প্রথা মেনে আজও দশমীর দিন বিশেষ প্রথা হিসেবে ডিঙা তোলার নিয়ম বংশ পরম্পরায় চলে আসছে। ডিঙা অর্থাৎ কাঠের নৌকো করে আজও ধান, চাল, তেজপাতা, দারচিনি, লবঙ্গ প্রভৃতি ঘরে তোলা হয়। এখন জমিদারি না-থাকলেও ঘোষ বাড়ির বর্তমান কর্তা সাগর কুমার ঘোষ ও তাঁর স্ত্রী কল্পনা ঘোষ এই পুজোর দায়িত্বে রয়েছেন। তাঁদের এক ছেলে ও এক মেয়ে। কর্মসূত্রে তাঁরা বাইরে থাকেন। তবে পুজোর দিনগুলি তাঁরা বাড়িতেই কাটান। শুধু তাই নয়, আশপাশের লোকেরাও এই পুজোতে আসেন।



এবিষয়ে গৃহকর্তী অর্থাৎ কল্পনা ঘোষ জানান, ‘সাবেকিয়ানার ছোঁয়া আজও আমরা ধরে রেখেছি। তবে ডিঙি তোলার কাজ এখন নাতি করে থাকে। পুজোর প্রতিদিন চণ্ডী ও নারায়ণের পুজো হয়। তবে পঞ্চমীর দিন কেবল নারায়ণের পুজো দিয়েই অনুষ্ঠানিকভাবে পুজোর সূচনা হয়।’ পুজোর ঢাকের কাঠি পরতেই প্রতিবছর অসংখ্য মানুষের সমাগমে ভরে ওঠে পতিরামের জমিদার বাড়ির মন্দির চত্তর। এবিষয়ে সাগর কুমার ঘোষ জানান, ‘প্রায় আট পুরুষ ধরে এই পুজো চলে আসছে। পুজো আগে যে রীতি মেনে হত, এখনও সেই রীতিমেনেই হয়। আর্থিক দিক থেকে আগের মতো সেই স্বচ্ছলতা না থাকলেও নিয়ম-নিষ্ঠার কোনও কমতি হয় না পুজোয়।’

# ২৯ ইঞ্চি ক্যারামে বিশ্বজয়ীকে সংবর্ধনা

**নিজস্ব প্রতিবেদন, উত্তরপাড়া:** ২৯ ইঞ্চি ক্যারামে বিশ্বজয়ী কে. শ্রীনিবাসকে সংবর্ধনা জানানো হল ক্যারাম অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল ও হুগলি জেলা ক্যারাম অ্যাসোসিয়েশনের তরফে। হুগলির উত্তরপাড়ার মাখলার প্লুটো ক্যারাম একাডেমি প্রাঙ্গনে অন্ধ্রপ্রদেশের হায়দ্রাবাদের এই খেলোয়াড়কে সংবর্ধনা প্রদান করা হয়। শ্রীনিবাস মোট দুবার বিশ্ব চ্যাম্পিয়ন হয়েছেন। প্রথমবার হয়েছিলেন ২০১৪ সালে। দ্বিতীয়বার ২০২৪ সালে তিনি বিশ্ব জয়ী হন আমেরিকার ক্যালিফর্নিয়াতে। কয়েকদিন আগে কলকাতায় তিনি কাজে এসেছিলেন। সেই সুযোগে ক্যারামের রাজ্য চ্যাম্পিয়ন প্রদীপ অগ্রহরী শ্রীনিবাসকে আমন্ত্রণ জানান উত্তরপাড়ায় আসার জন্য। এবং সংশ্লিষ্ট একাডেমির খেলোয়ারদের উৎসাহ প্রদান করার জন্য। এদিন তাঁকে ফুল দিয়ে বরণ করে নেওয়ার পাশাপাশি পুষ্প স্তবক দিয়ে সম্বর্ধনা জানানো হল সিএবি’র পক্ষ থেকেও। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিএবির প্রেসিডেন্ট দেবাশিস চৌধুরী, ভাইস প্রেসিডেন্ট মানব কল্যাণ দাস, সাধারণ সম্পাদক দিব্যেন্দু শিমলাই, রাজ্য চ্যাম্পিয়ন খেলোয়াড় প্রদীপ অগ্রহরী, রাজ্য ক্যারামের কোচ তথা হুগলি জেলা ক্যারাম অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক অলোক দে-সহ বিশিষ্ট অতিথি ও রাজ্য স্তরের ও জেলার খেলোয়াড়রা এবং অভিভাবকরা। বক্তব্য রাখতে গিয়ে বিশ্বজয়ী খেলোয়াড় কে. শ্রীনিবাস জানালেন, ‘কঠোর পরিশ্রম করতে হবে। সঙ্গে খুব মনোযোগ সহকারে প্র্যাকটিস করতে হবে এবং সেই সঙ্গে ভালো করে পড়াশোনাও করতে হবে। ধৈর্য রেখে মাথা ঠাণ্ডা রেখে চলতে হবে। তাহলেই সফল হওয়া যাবে।’ তিনি ভবিষ্যতে বাংলায় খেলোয়াড়দের জন্য বিশেষ করে ছোটদের জন্য কোচিং ক্যাম্প তৈরি করার কথা বলেন।

# সীমান্তে ৬ কেজি রুপোর গয়না উদ্ধার

**নিজস্ব প্রতিবেদন, বসিরহাট:** সীমান্তে স্কুটির মধ্য দিয়ে ৬ কেজি রুপোর গহনা পাচারের চেষ্টা। উদ্ধার গয়না-সহ গ্রেপ্তার পাচারকারী। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার স্বরূপনগর থানার ভারত-বাংলাদেশ সীমান্তের বিথারী হাকিমপুর গ্রাম পঞ্চায়েতের হাকিমপুর চেকপোস্টের কাছে। ধৃতের নাম আব্দুল বিশ্বাস (৩৯), বাড়ি হাকিমপুর মাঠপাড়া এলাকায়। অভিযোগ, বৃহস্পতিবার রাত ১২টা নাগাদ একটি স্কুটি করে হাকিমপুর চেকপোস্টে যায় আব্দুল বিশ্বাস। সেখানে গেলে ১৪৩ নম্বর ব্যাটেলিয়ানের সীমান্ত বাহিনী জওয়ানদের সন্দেহ হলে স্কুটির তল্লাশি চালায়। তার মধ্যে থেকে ৬ প্যাকেট অর্থাৎ ৬ কেজির উপর গয়না, যার বাজার মূল্য প্রায় ৭ লক্ষ টাকা উদ্ধার করা হয়। গয়নাগুলি বাংলাদেশে পাচারের চেষ্টা করা হচ্ছিল বলে প্রাথমিক অনুমান। সেটাও ক্ষতিয়ে দেখছে তদন্তকারীরা।

SBI

**এসবিআই আরএসিপিসি- কাম-এসএআরসি, হাওড়া (১০২৬৩)**
২৩৯এ,পঞ্চাননতলা রোড, হাওড়া-৭১১১০১
ই-মেইল: sbi.10263@sbi.co.in

**ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি**

অনুমোদিত অফিসারের বিশদ:- নাম: শ্রী বিশ্বজিৎ বিশ্বাস, ই-মেইল আইডি: sbi.10263@sbi.co.in মোবাইল নং: ৯৮১০৯৭২১১১

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮ (৬) সঙ্গে পঠিত রুল ৯(১) এর বন্দোবস্তের অধীনে ও সিকিউরিটিজেশন অ্যান্ড ফিনান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর সম্পদের ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি। এতদ্বারা সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতাগণ/জামিনদারগণ/বন্ধকদাতাগণকে নোটিশ দেওয়া হল যে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি সুরক্ষিত পাওনাদারের কাছে বন্ধকীকৃত আছে, যার **বাস্তবিক দখল** (সম্পত্তির বিস্তারিত বিবরণের বিপরীতে যথাক্রমে বিশদ) **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া** সিকিউরড ক্রেডিটর এর অনুমোদিত অফিসার দ্বারা নেওয়া হয়েছে “**যেখানে যেমন আছে**”, “**যা যেমন আছে**” **এবং** “**সেখানে যা কিছু আছে**”-র ভিত্তিতে বিক্রি করা হবে নিম্নবর্ণিত তারিখে।

**ই-অকশনের তারিখ ও সময়: তারিখ: ১০.১১.২০২৫ (সোমবার) সময়: ৩০০ মিনিট সকাল ১১:০০টা থেকে বিকাল ৪:০০টে পর্যন্ত প্রতিটি ডাকদানের জন্য ১০ মিনিটের অসীমায়িত বর্ধিতকরণ সহ।**

| ক্র. নং | ঋণগ্রহীতার নাম | স্বত্ব দলিল জমা দেওয়া বন্ধকীকৃত সম্পত্তির বিবরণ | বকেয়া পরিমান | রিজার্ভ মূল্য<br>ইএমডি ১০%<br>বিড বৃদ্ধির পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | **শ্রী দীপঙ্কর ঘোষ** গ্রাউন্ড ফ্লোরে **ফ্ল্যাট নং জি-৩, মোনার্ক রিজেন্সি,** বিবেকানন্দ নতুন পল্লী, পোদ্রা, থানা- সাঁকরাইল, হাওড়া-৭১১১০৯ | (জি+৪) তলা ভবন সহ প্রায় ০৪ **কাঠা** বা সামান্য কমবেশি পরিমাপের মোকারারি মৌরাশি বাস্তু জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার এলওপি নং - ১৬৪, সিএস ও আরএস প্লট নং ৪২৩(পি) এলআর দাগ নং-৫১৫, এলআর খতিয়ান নং ১৮৯৫, মৌজা- পোদ্রা, জে.এল. নং ৩৮, থানা সাঁকরাইল, জেলা হাওড়ার মধ্যে, অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রার রানিহাটি, জেলা এবং জেলা সাব-রেজিস্ট্রার, হাওড়ার অফিসের আওতাধীন, যা নিম্নরূপে পরিবেষ্টিত এবং সীমাবদ্ধ:- **উত্তরে-** এক্স জমি, **দক্ষিণে-** সি রোড, **পূর্বে-** এলওপি নং ১৬৫, **পশ্চিমে-** সি রোড। | **১৬,১৫,৭৩০/- টাকা** (ষোল লক্ষ পনেরো হাজার সাতশো ত্রিশ টাকা মাত্র) ০৭.০২.২০২৫ অনুযায়ী বকেয়া তদুপরি উপরোক্ত পরিমাণের উপর চুক্তিবদ্ধ হারে আরও সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয়, চার্জ ইত্যাদি। | ১২,৮৩,০০০/- টাকা<br>১,২৮,৩০০/- টাকা<br>১০,০০০/- টাকা<br>পরিদর্শনের তারিখ ০৬.১১.২০২৫ |

গ্রাউন্ড ফ্লোরে আবাসিক **ফ্ল্যাট নং জি-৩** -এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, যার পরিমাপ প্রায় **৫২৬ বর্গফুট** সুপার বিল্ট আপ এরিয়া সহ যার মধ্যে রয়েছে ২টি শয়নকক্ষ, প্রিভি সহ বাথরুম, একটি ড্রয়িং কাম ডাইনিং রুম, একটি রান্নাঘর এবং ১টি বারান্দা যা “**মোনার্ক রিজেন্সি**” -এর গ্রাউন্ড ফ্লোরে ফ্ল্যাট হিসাবে চিহ্নিত, এল.ও.পি. নং ১৬৪, সি.এস. এবং আর.এস. প্লট নং ৪২৩(পি) এল.আর. দাগ নং ৫১৫, এল.আর. খতিয়ান নং ৪৮৯৫, মৌজা- পোদ্রা, জে.এল. নং ৩৮, সাঁকরাইল, জেলা হাওড়া, অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রার রানিহাটি, জেলা এবং জেলা সাব-রেজিস্ট্রার হাওড়া অফিসের এক্তিয়ারের মধ্যে, সেইসঙ্গে জমির আনুপাতিক অবিভক্ত শেয়ার এবং উক্ত ফ্ল্যাটের সাথে সংযুক্ত সাধারণ এলাকা এবং সুযোগ-সুবিধাগুলি যা নিম্নরূপে পরিবেষ্টিত এবং সীমানাবদ্ধ:- **উত্তরে-** সাধারণ স্থান; **দক্ষিণে-** ফ্ল্যাট নং জি-৪, **পূর্বে-** সাধারণ স্থান; **পশ্চিমে-** ফ্ল্যাট নং জি২, সিঁড়ি কেস এবং লিফট।

**সম্পত্তিটি শ্রী দীপঙ্কর ঘোষের নামে ২০১৭ সালের দলিল নং-০৫০১০০৫৬৯, খণ্ড নং-০৫০১-২০১৭, বই-১, পৃষ্ঠা ১৬৭২৪ থেকে ১৬৭৬৩ পর্যন্ত -তে নিবন্ধিত পশ্চিমবঙ্গের জেলা সাব-রেজিস্ট্রার অফিস ডি.এস.আর.- হাওড়া -তে।**

| ক্র. নং | ঋণগ্রহীতার নাম | স্বত্ব দলিল জমা দেওয়া বন্ধকীকৃত সম্পত্তির বিবরণ | বকেয়া পরিমান | রিজার্ভ মূল্য<br>ইএমডি ১০%<br>বিড বৃদ্ধির পরিমাণ |
|---|---|---|---|---|
| ২. | **শ্রী অর্ণব দত্ত শ্রীমতী রূপশ্রী পাল শ্রী অলোক কুমার দত্ত “ওম নীড়”** ফ্ল্যাট নং **২সি,** দ্বিতীয় ফ্লোর, ৩২৪, জি.টি. রোড, বালি, হাওড়া-৭১১২০১ | “**ওম নীড়**” নামে নামকরণ করা বিল্ডিংয়ের তৃতীয় তলে উত্তর-পশ্চিম পাশে স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট নং **২সি** -এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার মিউনিসিপ্যাল হোল্ডিং নং ৩২৪, জিটি রোড, ওয়ার্ড নং ৯ (পুরাতন) ৮ (নতুন) বালি পৌরসভার সীমার মধ্যে, এখন হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের ওয়ার্ড নং ৫৭ (এইচএমসি) পোস্ট অফিস এবং থানা- বালি, হাওড়া জেলার অন্তর্গত, পিন -৭১১২০১ -তে অবস্থিত, এলাকার পরিমাপ **৯৩৬ বর্গফুট** বা সামান্য কমবেশি সুপার বিল্ট আপ এলাকা সহ যার মধ্যে রয়েছে ২ (দুই) বেড রুম, ১ (এক) লিভিং-কাম-ডাইনিং রুম, ১ (এক) রান্নাঘর, ২টি (দুই) টয়লেট এবং ১ (এক) বারান্দা সেইসঙ্গে জমির অবিভক্ত আনুপাতিক শেয়ার সহ যা থানা-বালি, পোস্ট | **২৭,৬৩,৬৬২.৫৭/- টাকা** (সাতাশ লক্ষ তেষট্টি হাজার ছয়শো বাষট্টি টাকা সাতান্ন পয়সা মাত্র) **১৯.১১.২০২৪** অনুযায়ী বকেয়া তদুপরি উপরোক্ত পরিমাণের উপর চুক্তিবদ্ধ হারে আরও সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয়, চার্জ ইত্যাদি। | ২৮,৫৮,০০০/- টাকা<br>২,৮৫,৮০০/- টাকা<br>১০,০০০/- টাকা<br>পরিদর্শনের তারিখ ০৬.১১.২০২৫ |

অফিস-বালি, জেলা সাব রেজিস্ট্রি অফিস হাওড়া, তৌজি নং ৩৯৮৯, জেএল নং ১৪ এর অধীনে মৌজা-বলিতে অবস্থিত। খতিয়ান নং ৩১৪৬ এর অধীনে, দাগ নং ১৫৯১৫,১৫৯১৬ এবং ১৫৯১৭ জেলা- হাওড়া।

**ফ্ল্যাটটি নিম্নরূপ চতুর্দিক পরিবেষ্টিত:- উত্তরে-** খোলা স্থান, **দক্ষিণে-** লিফট, সিঁড়ি, লবি, **পূর্বে-** ফ্ল্যাট নং ২ডি, **পশ্চিমে-** ফ্ল্যাট নং ২এ, খোলা স্থান দ্বারা।

**সম্পত্তিটি শ্রী অর্ণব দত্ত, শ্রীমতী রূপশ্রী পাল এবং শ্রী অলোক কুমার দত্ত এর নামে রয়েছে ২০১৬ সালের দলিল নং ০৫০২০০৯৫৬, অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রার অফিস এডিএসআর হাওড়া অফিসে বই -১, ভলিউম নং ০৫০২-২০১৬, পৃষ্ঠা ২৯৮১৪ থেকে ২৯৮৫২ পর্যন্ত -তে নিবন্ধিত।**

| ক্র. নং | ঋণগ্রহীতার নাম | স্বত্ব দলিল জমা দেওয়া বন্ধকীকৃত সম্পত্তির বিবরণ | বকেয়া পরিমান | রিজার্ভ মূল্য<br>ইএমডি ১০%<br>বিড বৃদ্ধির পরিমাণ |
|---|---|---|---|---|
| ৩. | **শ্রী রূপম বসাক** পিতা- রথীন্দ্র কুমার বসাক **ফ্ল্যাট নং বি,** তৃতীয় ফ্লোর, ২৭ (বিএল/বি), শান্তিরাম রাস্তা, পোস্ট ও থানা-বালি, হাওড়া-৭১১২০১। | প্রায় ৩ (তিন) কাঠা ৬ (ছয়) ছটাক পরিমাপের মোকোরারি বাস্তু জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল এবং তার উপর নির্মিত চার তলা নবনির্মিত ভবন, যার পৌরসভা হোল্ডিং নং-২৭, বর্তমানে ২৭ (বিএল/বি), শান্তিরাম রাস্তা, পোস্ট এবং থানা-বালি, জেলা-হাওড়া, ওয়ার্ড নং-৬ এর মধ্যে, এলআর দাগ নং- ১৩৪০৫ এবং ১৩৪০৬ -এর সাথে সম্পর্কিত, খতিয়ান নং- ৫৯৭০, জেএল নং- ১৪ মৌজা এবং থানা-বালি, জেলা- হাওড়ার অধীনে, সেইসঙ্গে এর সাথে সংযুক্ত সমস্ত অধিকার সুবিধা, সুযোগ-সুবিধা, আনুষাঙ্গিক, **যা নিম্নরূপে চতুর্দিক পরিবেষ্টিত:- উত্তরে-** হোল্ডিং নং-২৬, শান্তিরাম রাস্তা। **দক্ষিণে-** শান্তিরাম রাস্তা। **পূর্বে-** সাধারণ পথ। **পশ্চিমে-** হোল্ডিং নং-২৮, শান্তিরাম রাস্তা। | **২২,৭২,৬১০.৯০/- টাকা** (বাইশ লক্ষ বাহাত্তর হাজার ছয়শো দশ টাকা নব্বই পয়সা মাত্র) **০৭.০২.২০২৫** অনুযায়ী বকেয়া তদুপরি উপরোক্ত পরিমাণের উপর চুক্তিবদ্ধ হারে আরও সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয়, চার্জ ইত্যাদি। | ১৭,৩৩,০০০/- টাকা<br>১,৭৩,৩০০/- টাকা<br>১০,০০০/- টাকা<br>পরিদর্শনের তারিখ ০৬.১১.২০২৫ |

ভবনের উত্তর-পূর্ব-পশ্চিম অংশের তৃতীয় ফ্লোরে স্বয়ংসম্পূর্ণ আবাসিক (মার্বেল ফ্লোরিং) **ফ্ল্যাট নং -বি** -এর সকল, যার পরিমাপ প্রায় **৮৫০ বর্গফুট।** যার মধ্যে রয়েছে প্রায় ৩টি শয়নকক্ষ, ১টি রান্নাঘর, ২টি টয়লেট, ১টি লিভিং-কাম-ডাইনিং , ২টি বারান্দা এবং লিফট সুবিধা ছাড়াই এবং এর নিচের জমির অখণ্ড আনুপাতিকভাবে শেয়ার ও ইন্টারেস্ট যার পৌরসভার হোল্ডিং নং ২৭ (বিএল/বি), শান্তিরাম রাস্তা, পোস্ট ও থানা-বালি, জেলা-হাওড়ার অংশ, **যা নিম্নরূপে চতুর্দিক পরিবেষ্টিত এবং সীমানাবদ্ধ:- উত্তর দিকে** - পাশের খোলা জায়গা (খোলা আকাশ)। **দক্ষিণ দিকে** - সিঁড়ি, প্রবেশ পথ এবং স্মৃতি চ্যাটার্জির ফ্ল্যাট। **পূর্ব দিকে** - পাশের খোলা জায়গা (খোলা আকাশ)। **পশ্চিম দিকে** - পাশে খোলা জায়গা (খোলা আকাশ)।

**সম্পত্তিটি শ্রী রূপম বসাকের নামে ২০১৯ সালের দলিল নং- ০৫১৩০২১৯৭, বই-১, খণ্ড নং- ০৫১৩- ২০১৯, পৃষ্ঠা ৭২১৫৬ থেকে ৭২২০১ পর্যন্ত, ডি.এস.আর.-২ হাওড়ার জেলা সাব-রেজিস্ট্রার অফিসে নিবন্ধিত।**

| ক্র. নং | ঋণগ্রহীতার নাম | স্বত্ব দলিল জমা দেওয়া বন্ধকীকৃত সম্পত্তির বিবরণ | বকেয়া পরিমান | রিজার্ভ মূল্য<br>ইএমডি ১০%<br>বিড বৃদ্ধির পরিমাণ |
|---|---|---|---|---|
| ৪. | **শ্রী শ্যামল চন্দ্র শ্রীমতী সুমিতা চন্দ্র, ফ্ল্যাট ৪০৩,** ৪র্থ ফ্লোর, **তানভীর নিকুঞ্জ অ্যাপার্টমেন্ট** মৌজা- পোদ্রা, থানা-সাঁকরাইল, হাওড়া-৭১১১০৯। | আবাসিক ফ্ল্যাটের এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার **ফ্ল্যাট নং ৪০৩,** চতুর্থ ফ্লোরে, পরিমাপ প্রায় **৬৩৭ বর্গফুট,** সুপার বিল্ড-আপ এলাকা সহ, যেখানে আছে ০২ (দুই) বেডরুম, ০১ (এক) প্রিভি সহ বাথরুম, একটি ডব্লিউসি, একটি রান্নাঘর রুম, একটি বারান্দা যা ‘**তানভীর নিকুঞ্জ**’ এর পঞ্চম তলায় ফ্ল্যাট হিসাবে চিহ্নিত করা হয়েছে, এর আরএস দাগ নং ৫১৫, আরএস খতিয়ান নং ৯৪, এলআর দাগ নং ৬৫৯, -এর অধীনে গঠিত জমির এল.আর. খতিয়ান নং.৪০১৫, মৌজা-পোদ্রার অধীনে, জে.এল.নং. ৩৮,থানা- সাঁকরাইল, জেলা- হাওড়া পিন- ৭১১১০৯, অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রার অফিস রানীহাটি, জেলা-হাওড়া, এবং জেলা সাব-রেজিস্ট্রার-১ এবং ২ হাওড়ার আওতাভুক্ত সেইসঙ্গে জমি এবং সাধারণ এলাকায় | **১৯,৭৮,০২৫ /- টাকা** (উনিশ লক্ষ আটাত্তর হাজার পঁচিশ টাকা মাত্র) **০৭.০২.২০২৫** অনুযায়ী বকেয়া তদুপরি উপরোক্ত পরিমাণের উপর চুক্তিবদ্ধ হারে আরও সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয়, চার্জ ইত্যাদি। | ১৫,২৯,০০০/-টাকা<br>১,৫২,৯০০/- টাকা<br>১০,০০০/- টাকা<br>পরিদর্শনের তারিখ ০৬.১১.২০২৫ |

আনুপাতিক অবিভক্ত শেয়ার এবং উল্লিখিত বিল্ডিং এর সাথে সংযুক্ত সুবিধাদি।

**ফ্ল্যাটটি নিম্নোক্ত পদ্ধতিতে চতুর্দিক পরিবেষ্টিত:- উত্তরে-** খোলা আকাশ এবং ফ্ল্যাট নম্বর ৪০২, **দক্ষিণে-** খোলা আকাশ, **পূর্বে-** খোলা আকাশ, **পশ্চিমে-** সিঁড়ি কেস এবং ফ্ল্যাট নম্বর ৪০২ দ্বারা।

**দখলের ধরন : বাস্তবিক**


ক) বিক্রয়ের বিশদ শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সিকিউরড ক্রেডিটরের ওয়েবসাইট www.sbi.co.in -এ দেওয়া লিঙ্কটি দেখুন, এবং নির্দিষ্ট ই-নিলামের জন্য তৈরি করা নির্দিষ্ট লিঙ্ক:- https://baanknet.com দেখুন।
খ) ইচ্ছুক দরদাতাকে তার ইএমডির পরিমাণ চালানের মাধ্যমে হস্তান্তর করতে হবে পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড দ্বারা রক্ষনাবেক্ষণ করা দরদাতার অ্যাকাউন্টে নিলামের তারিখের আগে তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে এনইএফটি/আরটিজিএস স্থানান্তর মাধ্যমে। যেকোনো অনুসন্ধানের জন্য অনুগ্রহ করে support.baanknet@psballlance.com -এ যোগাযোগ করুন।
● নিলাম প্রক্রিয়ায় অংশগ্রহণের আগে, আগ্রহী দরদাতাকে উপরে উল্লিখিত সাইটে আপলোড করা বিস্তারিত শর্তাবলী পড়ে নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

**তারিখ: ২৬.০৯.২০২৫**
**স্থান: হাওড়া**

**অনুমোদিত অফিসার**
**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**



# একদিন বায়োস্কোপ






# শার্লক হোমসকে বাঙালিয়ানার ধাঁচে নতুনভাবে চেনাল 'সরলাক্ষ হোমস'

**শাশ্বত চট্টোপাধ্যায়**

বিশ্ববরেণ্য সাহিত্যিক স্যার আর্থার কোনান ডয়েলের কালজয়ী সৃষ্টি হল বিশ্ব শ্রেষ্ঠ গোয়েন্দা শার্লক হোমস চরিত্রটি। আর এই চরিত্রটি যদি বাংলা ভাষা ও বাঙালির হাত ধরে বাংলা সিনেমার পর্দায় উঠে আসে তাহলে কেমন হবে। সম্প্রতি ঠিক এইরকমই শার্লক হোমস সিরিজের বিখ্যাত উপন্যাস 'হাউণ্ড অফ দা বাস্কারবাইল' বাংলা সিনেমার পর্দায় ধরা দিয়েছে পরিচালক সায়ন্তন ঘোষালের হাত ধরে। সিনেমাটির নাম সরলাক্ষ হোমস ।মূল উপন্যাসটির সাথে সামঞ্জস্য রেখে এই সিনেমার গল্পটি লন্ডনের পটভূমিতে চিত্রায়িত হলেও এখ ানে চরিত্রগুলিকে পুরোপুরি বাঙালি চরিত্র হিসেবে দেখানো হয়েছে। এই সিনেমাটি এসকে মুভিজের ব্যানারে অশোক ধানুকা এবং হিমাংশু ধানুকার প্রযোজনায় মুক্তি পেয়েছে।। সিনেমার গল্প অনুযায়ী শার্লক হোমস স্যার হেনরি বাস্কারভাইলের পরিবারের উপর নারকীয় হাউন্ডের আক্রমণের চিরাচরিত অভিশাপ খ তিয়ে দেখার তদন্তে আসেন। তারপর হতে থাকে একের পর এক নানান রহস্যময় ঘটনা। শার্লক হোমস এখানে সরলাক্ষ হোমস নামে পরিচিত। প্রসঙ্গত উল্লেখ্য এই নামটি সাহিত্যিক পরশুরাম অর্থাৎ রাজশেখর বসুর লেখা একটি ছোট গল্পের প্রধান চরিত্রের নাম। রাজশেখর বসুর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন এর উদ্দেশ্যেই পরিচালক সায়ন্তন ঘোষাল এই সিনেমাটির নামকরণ করেছেন সরলাক্ষ হোমস এবং শার্লক হোমসের নাম তিনি এখানে বাংলায় রেখেছেন সরলাক্ষ্য হোমস হিসাবে ।শার্লক হোমসের চিরসঙ্গী ডক্টর ওয়াটসন এই ছবিতে ডক্টর আর্য সেন নামে পরিচিত।স্যার হেনরি বাস্কারভাইলের এই সিনেমায় বাংলা নামকরণ হয়েছে শেখর রায় চৌধুরী হিসাবে।

সরলাক্ষ হোমসের ভূমিকায় অভিনয় করেছেন অভিনেতা ঋষভ বসু। এই ছবিতে তাকে এক অন্য অবতারে দেখা গিয়েছে। আগে যে সমস্ত চরিত্র তিনি করেছেন তার থেকে সম্পূর্ণ একটি ভিন্ন চরিত্র হিসেবে গোয়েন্দা ঋষভ বসু ধরা দিয়েছেন এই সিনেমায়। ছবিতে শার্লক অর্থাৎ সরলাক্ষ হোমস শুধু একজন গোয়েন্দাই নয়, এর পাশাপাশি সে একজন অ্যাকশন হিরোও বটে। এই সিনেমায় লন্ডনের পটভূমিতে ঋষভ বসুর দুর্দান্ত অ্যাকশন সিকোয়েন্সগুলো রীতিমতো দর্শকদের নজর কেড়েছে। ডক্টর ওয়াটসন অর্থাৎ আর্য সেনের ভূমিকায় অভিনেতা অর্ণ মুখোপাধ্যায় বেশ সুন্দর ভাবে নিজের চরিত্রটি ফুটিয়ে তুলেছেন। শার্লকের সঙ্গে তার বন্ধুত্বের সম্পর্ক এই সিনেমায় খুব সুন্দরভাবে রূপায়িত হয়েছে। সরলাক্ষর নিকটতম শুভাকাঙ্ক্ষী এবং সহকারী হিসেবে এই সিনেমায় অর্ণ মুখোপাধ্যায়ের সাবলীল অভিনয় যেন একেবারে অনবদ্য। স্যার হেনরি বাস্কারভাইলের চরিত্র অর্থাৎ শেখর রায় চৌধুরী চরিত্রে অভিনেতা গৌরব চক্রবর্তী যেন একেবারে মানানসই। আসল উপন্যাসের হেনরি বাস্কারভাইলের চরিত্রের সাথে নিজের চরিত্রকে মিলিয়ে তুলে ধরার জন্য গৌরব চক্রবর্তী যে তার নিখুঁত প্রচেষ্টা চালিয়েছেন সেটা এই সিনেমা থেকেই একেবারে সুস্পষ্ট হয়ে ওঠে। বলাই বাহুল্য হেনরি বাস্কারভাইল বাঙালিয়ানা রূপ নিয়ে অবতারিত হলে তাকে যেমন কল্পনা করা হতো সেই কল্পনার সাথে গৌরব চক্রবর্তীর লুক এবং অভিনয় একেবারে খাপ খেয়ে গেছে। ছবিতে অন্যান্য চরিত্রগুলিতে অভিনয় করতে দেখা গিয়েছে রাজনন্দিনী পাল, সাহেব চট্টোপাধ্যায়,কাঞ্চন মল্লিক, শতাফ ফিগার প্রমুখ কে। তাদের অভিনয় স্বল্পপরিসরে এই সিনেমায় ফুটে উঠলেও তারা নিজ নিজ চরিত্রে একেবারে যথাযথ।




অসাধারণ সিনেমাটোগ্রাফি এই সিনেমাটিকে আরো নিখুঁত করে তুলেছে। অতিরঞ্জিত একঘেয়েমি এই সিনেমাটিতে নেই বললেই চলে। মূল উপন্যাসের কাহিনী অনুসারে সিনেমাটি যতই অগ্রসর হয়েছে জটিল রহস্যের গোলক ধাঁধা ততোই যেন ডালপালা মেলে বিস্তার করেছে গভীরভাবে।সায়ন্তন ঘোষালের চরিত্র বিশ্লেষণ এবং চরিত্র নির্বাচনের ক্ষমতার ভুয়সী প্রশংসা করতেই হয়। তিনি যেন গল্পের পাতা থেকেই সমস্ত চরিত্রগুলিকে তুলে এনে এনে তাতে বাঙালিয়ানার প্রলেপ লাগিয়েছেন যার ফলে ছবিটি দর্শকদের মনোগ্রাহী হয়েছে।চরিত্রগুলোর বাঙালী নামকরণের ক্ষেত্রে পরিচালকের মুন্সিয়ানা স্পষ্টতই প্রশংসার দাবীদার।ছবিতে লন্ডনে শুটিংয়ের দৃশ্যগুলি বেশ নয়নাভিরাম। ছবিতে রয়েছে রূপম ইসলামের কণ্ঠে গাওয়া একটি গান যেটি এই সিনেমার গল্পের সাথে এবং পরিস্থিতি গুলোর সাথে একেবারে সামঞ্জস্যতা বজায় রেখে গাওয়া হয়েছে। পরিচালকের নিপুন পরিচালনা এবং প্রত্যেকটি চরিত্রের স্বতঃস্ফূর্ত অভিনয় দর্শকদের একেবারে শেষ পর্যন্ত ধরে রেখেছে। পরিশেষে বলা যায় পরিচালক সায়ন্তন ঘোষালকে অশেষ কুর্নিশ বিশ্ববরেণ্য লেখকের এই বিশ্ব শ্রেষ্ঠ গোয়েন্দাকে বাংলা সিনেমার পর্দায় বাঙালিয়ানার রূপ দিয়ে নিয়ে আসার জন্য এবং দর্শকদের উপহার দেওয়ার জন্য।

# ফকিরা প্রকাশ করল প্রথম হিন্দি ইপি 'দোহে'

**সুস্মিতা মুখার্জী**

'মন্দির, মসজিদ, কাবা কিংবা কাশীতে গিয়ে যাকে খুঁজে চলেছ নিরন্তর, সে আসলে তোমার মধ্যেই বিরাজ করে' সাধক সন্ত কবীরের এই অমোঘ বাণীকে কেন্দ্র করেই জনপ্রিয় বাংলা ব্যান্ড ফকিরা প্রকাশ করল তাদের প্রথম হিন্দি এক্সটেন্ডেড প্লে (ইপি) 'দোহে'। পুজোর আগেই সঙ্গীতপ্রেমীদের জন্য এটি নিঃসন্দেহে এক বড় খবর।




## দুটি গান, এক দর্শন

এই ইপিতে থাকছে দুটি গান 'মোকো কাহান' এবং 'দো দিন কি জিন্দেগি'। ১৫ আগস্ট স্বাধীনতা দিবসের দিন থেকে ইপি পাওয়া যাচ্ছে সমস্ত অনলাইন মিউজিক স্ট্রিমিং প্ল্যাটফর্মে। একই দিনে ফকিরার অফিসিয়াল ইউটিউব চ্যানেলে মুক্তি পেয়েছে 'মোকো কাহান' গানের অফিসিয়াল মিউজিক ভিডিও। ভিডিওতে অভিনয় করেছেন সংগীত শিল্পী এবং অভিনেতা শিলাজিতের পুত্র ধী মজুমদার এবং ফকিরার সদস্যরা। শুটিং হয়েছে বেনারস, মুম্বই, সিকিম, কলকাতা ও তাজপুরে, যা গানটির ভিজ্যুয়ালে এক বহুরূপী রঙ এনে দিয়েছে।

## নামকরণে কবীর-প্রেরণা

ফকিরার ড্রামার অভিরূপ দাস (বান্টি) জানান, ইপির নামকরণ হয়েছে সন্ত কবীরের দোহা থেকে। ব্যান্ডের বেসিস্ট ও ম্যানেজার কুণাল বিশ্বাস এই নামের প্রস্তাব দেন। দু'টি গান থাকায় ইপির নাম রাখা হয় 'দোহে'। গানটির সুর করেছেন ব্যান্ডের গিটারিস্ট চয়ন চক্রবর্তী। সহকারী হিসেবে ছিলেন অপূর্ব দাস ও তিমির বিশ্বাস। ভিডিওর কনসেপ্ট ও পরিচালনায় ছিলেন তিমির বিশ্বাস, সহযোগী পরিচালক কুণাল বিশ্বাস। ডিওপির দায়িত্ব ভাগ করে নিয়েছেন তিমির ও কুণাল, সহকারী ডিওপি ছিলেন সুজিত মজুমদার। দিলদোরিয়া প্রোডাকশনের প্রযোজনায় ভিডিওটি সম্প্রতি মুক্তি পেয়েছে। গানগুলি রেকর্ড হয়েছে কলকাতায় ফকিরার নিজস্ব স্টুডিওতে। মিক্সিং করেছেন তিমির বিশ্বাস এবং মাস্টারিং করেছেন ব্রিটেনের নামকরা সাউন্ড ইঞ্জিনিয়ার ডোনাল হুইলান (হ্যাফড মাস্টারিং)।

## বাংলা থেকে হিন্দি, সঙ্গীতে ভিন্ন ভাষার ছোঁয়া

কেন হঠাৎ বাংলা থেকে হিন্দিতে সিফট? ফকিরার সদস্য অভিরূপ দাসের (বান্টি) বক্তব্য, 'আমরা সবসময় নতুন কিছু করার চেষ্টা করি। শুরু থেকেই ইচ্ছে ছিল বাংলা ছাড়াও হিন্দি ও অন্য ভাষায় লোকসঙ্গীত পরিবেশন করার। গত বছর অরুণাচলে জিরো ফ্যাস্টিভালে পারফর্ম করার পরই আমরা আমন্ত্রণ পাই মাহিন্দ্রা কবীরা ফ্যাস্টিভালের। কবীরকে কেন্দ্র করে সেই উৎসবেই প্রথমবার এই গান দু'টি লাইভ পরিবেশন করি। দর্শকদের অসাধারণ সাড়া আমাদের আরও অনুপ্রাণিত করে।'

## ফকিরার বিশেষত্ব

প্রতিবারই শ্রোতাদের জন্য নতুন কিছু উপহার এনেছে ফকিরা। তাদের 'ইতরপনা' অ্যালবামে বাংলা কাওয়ালির স্বাদ প্রথমবার পায় শ্রোতারা। 'হরে কৃষ্ণ' গানেও ছিল নতুনত্বের ছোঁয়া। লোকগানের ঐতিহ্য রক্ষা করে, আধুনিক বাদ্যযন্ত্রের সৃজনশীল সংমিশ্রণে গান সাজানোই ফকিরার মূল শক্তি। কানাই দাস বাউল, লদণ দাস বাউল, রাধেশ্যাম দাস বাউল, আরমান ফকির, তাঁদের দর্শন এবং অভিজ্ঞতা ফকিরার গানে বারবার ধরা পড়েছে। শুধু পশ্চিমবঙ্গ নয়, ভারতবর্ষ, বাংলাদেশ, আমেরিকা-সহ সারা বিশ্বেই তাঁরা পারফর্ম করে চলেছে দুরন্ত সাফল্যের সঙ্গে।

## ইতিকথা

সাধক সন্ত কবীরের অমোঘ দোহাকে সুরে বাঁধা নিঃসন্দেহে ফকিরার জন্য এক অনন্য অভিজ্ঞতা। 'দোহে' তাই শুধু একটি ইপি নয়, এ এক দর্শন, যা সঙ্গীতের মধ্যে দিয়ে ছড়িয়ে দিচ্ছে মানবতার বার্তা।






*'মনোছন্দা'-য় দুর্গাপূজা এ বছর চতুর্থ বছরে পদার্পণ করল। ঐন্দ্রিলা দেবদাসের উদ্যোগে শুরু হওয়া এই পূজা বহু প্রতিকূলতার মধ্যেও আজও কেবল দেবী দুর্গার কৃপায় এগিয়ে চলেছে।*




*নিউ মার্কেট ৫৪ পল্লীর দুর্গাপুজোর উদ্বোধনে সাংসদ নয়না বন্দ্যোপাধ্যায়, ব্লক সভাপতি ও পুজোর মূল উদ্যোক্তা গোপাল সাহা, পুরমাতা প্রিয়াঙ্কা সাহা সহ অন্যান্যরা।*

# উত্তর-দক্ষিণের নজরকাড়া পুজো

**শুভাশিস বিশ্বাস**

আজ মহা চতুর্থী। হাতে আর সময় নেই। এদিকে ঢাকে কাঠি পড়ে গেছে মহালয়া থেকেই। আর সেই কারণেই এবার খুব দ্রুত গতিতে সারতেই হবে আমাদের পুজো পরিক্রমা। যে মণ্ডপে না দেখলে কলকাতার পুজোর স্বাদটাই পুরোপুরি উপভোগ করতে পারা যাবে না সেগুলোর কথাই এবার দ্রুত তুলে ধরার চেষ্টা করা হচ্ছে আমাদের তরফ থেকে। এই তালিকায় রয়েছে,












### হিন্দুস্থান পার্ক

কলকাতায় বসে আদিবাসী সংস্কৃতির স্বাদ পেতে হলে এবার পুজোয় আপনাকে আসতেই হবে হিন্দুস্থান পার্ক সার্বজনীন দুর্গোৎসব কমিটির দুর্গামণ্ডপে। এ বছর তাঁদের পুজোর থিম 'লোকজ'। এই থিমে লোকসংস্কৃতির এক বা একাধিক দিক তুলে ধরা হচ্ছে। এ বছর ৯৫ তম বর্ষে পা রাখল হিন্দুস্থান পার্কের পুজো। সংখ্যাই বলে দিচ্ছে শহরের অন্যতম প্রাচীন এই বারোয়ারি পুজো।লুপ্তপ্রায় আদিবাসী প্রথা যেন প্রাণ ফিরে পাচ্ছে হিন্দুস্থান পার্কের পুজোমণ্ডপে। এই থিমে তুলে ধরা হয়েছে কী ভাবে আদিবাসী শিল্পীরা গ্রামে গ্রামে ঘুরে পুতুলনাচ দেখান। বদলে তাঁদের প্রাপ্তির ঝুলি ভর্তি হয় চাল, ডাল-সহ নানা প্রকার সামগ্রীতে। দিন শেষে সে সব নিয়ে ঘরে ফেরেন শিল্পীরা। গোটা গ্রামের মানুষ একজোট হয়ে সেই সমস্ত সামগ্রী রান্না করেন এবং খাওয়াদাওয়াও সারেন। এই প্রথাকেই বলা হয় চদরবদর। যা সময়ের কালে চলে যাচ্ছে ইতিহাসের পাতায়। কারণ, নবীন প্রজন্ম আর এই পুতুলনাচ শিখতে বা দেখাতে আগ্রহী নয়। আদিবাসী শিল্পীদের নিজেদের হাতে তৈরি বাদ্যযন্ত্রগুলিও আজকালকার আদিবাসী ছেলেমেয়েরা আর বানায় না। শিখতে চায় না সে সব কাজেও। কারণ সে ভাবে বাজারে যে এ সবের কোনও মূল্যই নেই। আদিবাসীদের হারিয়ে যাওয়া নানা প্রথা আর তাদের জীবনকেই তুলে ধরা হয়েছে মণ্ডপ সজ্জার ভাবনায়। এই মণ্ডপ তৈরি করতে ব্যবহার করা হচ্ছে, বাঁশ, কাঠ, মাটি, টিন, লোহা প্রভৃতি প্রাকৃতিক সামগ্রী। প্রকৃতির সঙ্গে আদিবাসী সমাজের আত্মিক সম্পর্ক বোঝাতে মণ্ডপের অধিকাংশ স্থানেই কোনও পুরু ছাদ বা চালা নির্মাণ করা হচ্ছে না।

### নলিন সরকার স্ট্রিট

উত্তর কলকাতা বনেদি পুজোর সঙ্গে সঙ্গে মহানগরের প্রাচীন বারোয়ারি পুজোগুলির মধ্যে অন্যতম হল নলিন সরকার স্ট্রিটের দুর্গাপুজো । এবার এই পুজোর বয়স ৯৩ বছরের পা রাখল। এ বার তাঁদের পুজোর থিম, 'রূপান্তর'। এবারের থিম সমাজে নারী শক্তির 'রূপান্তরে'র গল্প। আজকের সমাজ সমগ্র বিশ্বে সময়ের সঙ্গে পাল্লা দিয়ে নারীশক্তির যে 'রূপান্তর' ঘটেছে, স্ত্রী জাতির সেই অগ্রগতি ও ব্যাপ্তিকেই এই থিমের সাহায্যে মণ্ডপ সজ্জায় ফুটিয়ে তোলা হচ্ছে। পুজোর থিম এবং বিষয় ভাবনার সৃজনে প্রখ্যাত শিল্পী সনাতন দিন্দা।শিল্পী সনাতন দিন্দার চোখে, মহিলারা স্বাধীন। তাঁদের নিয়মের বেড়াজালে বেঁধে রাখা কেন সেই প্রশ্নই ফুটিয়ে তোলা হয়েছে নলিন সরকার স্ট্রিটের পুজো থিমে। মণ্ডপ নির্মাণের অন্যান্য সামগ্রীর মধ্যে রয়েছে, প্লাস্টার অফ প্যারিস, ফোম, কাঠ, দড়ি প্রভৃতি। শুধু থিম ভাবনা নয়, প্রতিমার সাজেও থাকছে বিশেষ চমক। এবারে দশভুজার বদলে দেখা যাবে দেবীকে দেখা যাবে ১৮ হাতে। পুজো উদ্যোক্তারা এই প্রসঙ্গে জানান, সমাজে নারীর বহুমুখী ভূমিকার প্রতিফলনই থাকবে এই অভিনব প্রতিমায়।

### ত্রিকোণ পার্ক

থিমের প্রতিযোগিতায় অভিনব ভাবনায় সেজে উঠেছে ত্রিকোণ পার্ক । এই বছর ৯৬তম বর্ষে পা দিল এই দুর্গোৎসব।চলতি বছরে ত্রিকোণ পার্কের থিম 'দেবদর্শন'। এই মণ্ডপ বলবে সেই সমস্ত শিল্পীদের কথা, যাঁরা ভগবানকে পৌঁছে দেন মানুষের কাছে। সেই সব শিল্পীদের কথা মাথায় রেখেই প্রতাপাদিত্য রোডের ত্রিকোণ পার্কের থিম 'দেবদর্শন'।প্রতিমা সজ্জার দায়িত্বে রয়েছেন সৈকত বসু। মণ্ডপসজ্জার ভাবনা রয়েছেন দীপ, ইশিকা এবং সৈকত এবং তাঁদের দল। যদিও কেন এমন এই ভাবনা, তা এখনই খোলসা করতে রাজি নন ক্লাবের সম্পাদক। তাঁর কথায় মণ্ডপে প্রবেশ করলেই মিলবে সব উত্তর।

### নিউ আলিপুর ক্যানাল রোড

নিউ আলিপুর ক্যানেল রোড সমাজ সেবা সমিতির এ বারের থিম 'অবাক সবাক ছবির ঘর'। এই থিমের মধ্যে দিয়ে বাংলা সিনেমার ইতিহাসকে তুলে ধরতে চাইছেন মণ্ডপ শিল্পী শিবশঙ্কর দাস। শিবশঙ্কর দাস বলেন, 'যতদিন যাচ্ছে, ততোই বাংলা সিনেমার পরিবর্তন হচ্ছে। কী ভাবে একটা সিনেমা তৈরি হয়, সেই ছবি আমরা তুলে ধরার চেষ্টা করছি। পরবর্তীকালে আরও কিছু যুক্ত হতে পারে। পৃথিবীজুড়ে মানুষ দুর্গাপুজো নিয়ে আগ্রহী। তাই আমরা বাংলাকেন্দ্রিক কিছু করার চিন্তাভাবনা করেছি। আমরা একটা নতুন এবং অভিনব জিনিস উপহার দিচ্ছি, যেটা দেখে দর্শকরা আনন্দ পাবেন। আর তাতে অবশ্যই চমক থাকবে।'